হিন্দু-ব্রতমালা।

দ্বিতীয় ভাগ বা

একাদশ ভাগ হিন্দু-সৎকর্ম্মমালা।

ষষ্ঠ সংস্করণ।

পরমারাধ্য পূজ্যপাদ ৺ অম্বিকানাথ বিদ্যারত্ন ও ৺ মথুরানাথ ন্যায়রত্ন ভট্টাচার্য্য প্রভৃতি মহাশয়গণ দ্বারা এবং মৎ কনিষ্ঠ সহোদর শ্রীমান উপেন্দ্রনাথ স্মৃতিতীর্থ দ্বারা সংশোধিত।

শ্রীমন্মথনাথ স্মৃতিরত্ন ভট্টাচার্য্য কর্ত্তৃক

কলিকাতা। পোষ্ট বরাহনগর, পালপাড়া, চতুষ্পাঠী হইতে প্রকাশিত।

বরাহনগর,—"হিন্দু সৎকর্ম্মমালা" প্রেসে শ্রীবিনোদবিহারী দাস দ্বারা মুদ্রিত।

সন ১৩২১ সাল। শ্রাবণ।

[মূল্য ৶১০ সাড়ে তিন আনা মাত্র।

ষোড়শ সংস্করণ প্রথমভাগে,—প্রাতঃস্মরণীয় হইতে স্নান, তর্পণ, ত্রিবেদী ও তান্ত্রিকী সন্ধ্যা, সাঙ্গ নিত্য এবং কাম্য পূজা, লক্ষ্মীপূজা, জন্মতিথি ও ঘটোৎসর্গাদি ব্যবস্থা সহ বিস্তারিত লেখা হইয়াছে।

দশম সংস্করণ দ্বিতীয়ভাগে,—সানুবাদ স্তবসমূহ, শিবাদি দেবতার শতনাম, দীপান্বিতা, শিবরাত্রি, জন্মাষ্টমী, রামনবমী এবং স্বস্ত্যয়নাদির বিস্তৃত প্রণালী ব্যবস্থা সহ লেখা আছে।

দশম সংস্করণ তৃতীয়ভাগে,—প্রায় যাবতীয় ব্যবস্থা ও মন্ত্রানুবাদ সহ সামবেদী ও যজুর্ব্বেদী শ্রাদ্ধকাণ্ড, মুমুক্ষুকৃত্য, অকালের ব্যবস্থা এবং ব্রতপ্রতিষ্ঠা, বৃষোৎসর্গ ও উপনয়ন প্রভৃতি বহুতর কার্য্যের ফর্দ্দাদি আছে।

নবম সংস্করণ চতুর্থভাগে,—সানুবাদ, মহিম্নঃস্তব, আদিত্যহৃদয়, শনিস্তব, মুমূর্ষুকৃত্য, বৈতরণী, শবদাহ, পর্ণনরদাহ, গঙ্গায় অস্থিনিঃক্ষেপ এবং যাবতীয় অশৌচ ব্যবস্থা, দশপিণ্ডাদি।

অষ্টম সংস্করণ পঞ্চমভাগে,—বিবাহলক্ষণাদি প্রস্তাব, সপিণ্ডাদি, পাত্রাপাত্র বিবেচনা, সানুবাদ সাম ও যজুর্ব্বেদীয় সম্প্রদান প্রকরণ, স্ত্রীগমন, রাস, দোল, সূতিকাষষ্ঠীপূজা, দানবিধি, দ্রব্যশুদ্ধি, একাদশী ও চাতুর্ম্মাস্যব্রত এবং কবচশোধন, গায়ত্রী কবচ ও সূর্য্যকবচাদি আছে।

অষ্টম সংস্করণ ষষ্ঠভাগে,—যাবতীয় প্রায়শ্চিত্তবিধি, গোসেবা, তান্ত্রিকী নানা ব্যবস্থা ও ফর্দ্দসহ কালিপূজাদি [এই ভাগ হইতে এই খণ্ডের ন্যায় তুলট কাগজে বাঁধাই পুঁথির আকারে ছাপা হইয়াছে]।

অষ্টম সংস্করণ সপ্তমভাগে,—সর্ব্বাবস্থাপুরশ্চরণ মালাশোধন, জগদ্ধাত্রী, অন্নপূর্ণা, কার্ত্তিক ও যাবতীয় ব্যবস্থাদি সহ বৃহন্নন্দিকেশ্বর পুরাণোক্ত দুর্গাপূজাদি, বৈধহিংসা ও মাংসভোজনাদি বিচার আছে।

অষ্টম সংস্করণ অষ্টমভাগে,—কালিকাপুরাণোক্ত দুর্গাপূজা, অপরাজিতাস্তব এবং গুণবিষ্ণু টীকাসহ কুশণ্ডিকাহোমাদি।

সপ্তম সংস্করণ নবমভাগে,—ব্যবস্থা ও গুণবিষ্ণু টীকাসহ গর্ভাধানাদি উপনয়নান্ত সংস্কার, গৃহপ্রবেশ, বিদ্যারম্ভ, বটুকভৈরব ও লক্ষ্মী স্তব, দরাপ খাঁ কৃত গঙ্গাস্তব, নবগ্রহকবচ ও রামকবচাদি।

"হিন্দু-সৎকর্ম্মমালা প্রেস" এই ছাপাখানায় যাবতীয় ইংরাজী বাঙ্গালা পুস্তক, চেক, বিল প্রভৃতি সুলভে ছাপা হয়। যে কোন শাস্ত্রীয় পুস্তকের জন্য লিখিলে যত্নপূর্ব্বক আনাইয়া পাঠাইয়া থাকি। উত্তরের জন্য ডবল কার্ডে পত্র লিখিবেন।

শ্রীমন্মথনাথ স্মৃতিরত্ন ভট্টাচার্য্য।
কলিকাতা। পোঃ বরাহনগর, পালপাড়া—চতুষ্পাঠী।

সূচীপত্র।

হিন্দু-ব্রতমালা।

দ্বিতীয় ভাগ।

জল-সংক্রান্তি ব্রত *।

যজমান নিত্যকর্ম্ম সমাধা পূর্ব্বক উত্তরাভিমুখে বীরাসনে উপবেশন করিয়া, স্বস্তিবাচন করিবেন, যথা,—কর্ত্তব্যেঽস্মিন্ জলসংক্রান্তি ব্রতকর্ম্মণি নমঃ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু ইত্যাদি। ওঁ 'সোমং রাজানং বরুণমগ্নি মন্বারভামহে। আদিত্যং বিষ্ণুং সূর্য্যং ব্রাহ্মণঞ্চ বৃহস্পতিং। ওঁ স্বস্তি ৩। যজুর্ব্বেদী স্বস্তিবাচনে,—স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ ইত্যাদি পাঠ্য।

---

* সংক্রান্তপুণ্যকালে বিহিত ব্রতাদিতে মুখ্যচান্দ্র মাসের উল্লেখ হইবে, কেহ সৌর মাস বলেন অর্থাৎ

কুশ তিল অক্ষত গন্ধ পুষ্প তুলসী ও জল তাম্রপাত্রে লইয়া, সঙ্কল্প করিবে, যথা,—

বিষ্ণুর্নমোঽদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুক তিথৌ মহাবিষুবসংক্রান্ত্যামারভ্য আগামি-মহাবিষুবসংক্রান্তিং যাবৎ অমুক গোত্রা শ্রীঅমুকী দেবী শ্রীবিষ্ণু প্রীতিকামা সর্ব্বপাপ বিনির্ম্মুক্তত্ব সর্ব্বদা বাবিলাভ নবকদর্শনাভাব পূর্ব্বক বিষ্ণুলোক প্রাপ্তি কামা

সংক্রমের পূর্ব্বে পূর্ব্বমাস এবং পরে পরমাস সৌর উল্লেখ হইবে বলেন। সৌরে মাস্যুল্লেখ হইয়া থাকে।

ব্রতপূর্ব্বদিনে হবিষ্যাশী ও জিতেন্দ্রিয় হইবে।

পূর্ণবৎসরে ব্রত প্রায়ই একটি অধিক করিতে হয়, যেমন মহাবিষুব হইতে মহাবিষুব এই ত্রয়োদশ সংক্রান্তিতেই ব্রত করিতে হয়, কারণ ব্রতারম্ভের কালই প্রতিষ্ঠার কাল সেই প্রতিষ্ঠার দিনেও পূর্ব্ববৎ ব্রত পূজাদি করিতে হয়, কিন্তু দক্ষিণান্তের পর তদ্দিনে উপবাসাদি না করিলেও চলে, কিন্তু পিপীতকী ব্রতাদিতে প্রতিষ্ঠার দিনেও ব্রতনিয়ম পালনের আবশ্যক।

ব্রতারম্ভ ও সমাপ্তিদিনে ষোড়শোপচারে পূজাই ব্যবহার, অপরদিনে দশোপচার পূজা ও ভোজ্যাদি উৎসর্গ এবং কথা শ্রবণ করা হইয়া থাকে কাম্য কর্ম্মে শক্তির ন্যূন দানাদি করিলে ফলের হানি হয়।

(শ্রীবিষ্ণু প্রীতিকামা বা) প্রতিমাসীয় সংক্রান্ত্যাং যথোক্তবিধিনা জলসংক্রান্তি ব্রতমহং করিষ্যে।

পুরোহিত সংকল্পসূক্তমন্ত্র ওঁ দেবোবো দ্রবিণোদা—ইত্যাদি পড়িবেন। যজমান কৃতাঞ্জলি হইয়া বলিবেন,—ইদং ব্রতং ময়া দেব গৃহীতং পুরতস্তব। নির্ব্বিঘ্নাং সিদ্ধিমাপ্নোতু তৎপ্রসাদাজ্জনার্দ্দন॥ গৃহীতেঽস্মিন্ ব্রতে দেব যদ্যপূর্ণে ত্বহং ম্রিয়ে। সাঙ্গং ভবতু তৎসর্ব্বং ত্বৎ প্রসাদাৎ সুরেশ্বর॥

তৎপরে, পুরোহিত পূজাসনে বসিয়া, সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি ও ন্যাসাদি যথাশক্তি করিয়া, গণেশাদিকে পূজাপূর্ব্বক বিষ্ণুর ও লক্ষ্মীর ষোড়শোপচারে পূজানন্তর 'সভোজ্য সোপকরণ জলপূর্ণ ঘটায় নমঃ, এইক্রমে বিপ্রসম্প্রদানক ঘট উৎসর্গ (প্রথম ভাগে ৯৯ পৃষ্ঠা দেখ) করিয়া, কথা শুনাইবে।

অথ কথা॥ ঋষিরুবাচ॥ শরতল্পগতং ভীষ্মং ধর্ম্মশাস্ত্রার্থকোবিদং। প্রণম্য শিরসা দেবং পপ্রচ্ছেদং যুধিষ্ঠিরঃ॥ যুধিষ্ঠির উবাচ॥ রূপবান্ জায়তে কেন ধর্ম্মবান্

বিজিতেন্দ্রিয়ঃ ; নানাবিধানি পাপানি সংমুচ্যেব বিশেষতঃ॥ সর্ব্বদা লভতে বারি যমলোকগতো নরঃ। নরকঞ্চ ন পশ্যেত্তু তন্মে ব্রূহি পিতামহ॥ ভীষ্ম উবাচ। আসীদ্-গুণবতী নাম্নী গুণসারসমুদ্ভবা। সাধ্বী সর্ব্বগুণোপেতা পতিভক্তিপরায়ণা গুণ্ডিকৈঃ শ্বেতপীতৈশ্চ মণ্ডয়ন্তী গৃহাঙ্গনং। একদা সা তু শালায়াং সহ ভর্ত্রা সমন্বিতা। পপ্রচ্ছ মধুরাং ভাষাং ভর্ত্তারং মুনিসত্তমং॥ কেন ব্রতেন দেবেশ দুর্ভগা সুভগা ভবেৎ। বিষ্ণুনা সহ সংভূয় দিবি লক্ষ্মীর্যথা বসেৎ॥ ব্রাহ্মণ উবাচ॥ সুভগে শৃণু বক্ষ্যামি ব্রতানাং ব্রতমুত্তমং। অস্তীহ দদৃশে রম্যং জলসংক্রান্তিনামকং॥ যৎকৃত্বা যোষিতঃ সর্ব্বা লভন্তে বৈষ্ণবং পদং। নরকঞ্চ ন পশ্যন্তি যমলোকে সুদুস্তরে॥ লভন্তে সর্ব্বদা বারি ত্রৈলোক্যে নাত্র সংশয়ঃ॥ যুধিষ্ঠির উবাচ॥ যদি তুষ্টোঽসি মে তাত বিধানং তস্য কথ্যতাং। কেন বা লভতে তচ্চ তন্মে নিগদ সত্তম॥ ভীষ্ম উবাচ॥ শুভে কালে শুভে লগ্নে সংপ্রাপ্তে বিষুবে শুভে আরভেত ব্রতং তচ্চ ধর্ম্মকামফলপ্রদং॥ প্রাতঃ স্নাতঃ শুচির্ভূত্বা পিধায় বস্ত্রমুত্তমং। নারায়ণঞ্চ সংপূজ্য সঙ্কল্পং কারয়েদ্ব্রতী। পূজয়েদ্বাসুদেবঞ্চ সলক্ষ্মীকঞ্চ

ভক্তিতঃ। দীপং দদ্যাদ্‌যথাশক্তিঃ তৈলেনাথ ঘৃতেন বা ॥ নৈবেদ্যেন চ গন্ধেন ধূপেন বিবিধেন চ। নারী বাপি নরো বাপি যঃ কুর্য্যাৎ প্রযতঃ শুচিঃ ॥ পিতবঞ্চ সমুদ্ধৃত্য শ্বশুরঞ্চ বিশেষতঃ। বিষ্ণুসংক্রামিকঃ শ্রীকন্তেনৈব সহ মোদতে ॥ শচীব পুরুহূতস্য বশিষ্ঠারুন্ধতী যথা। শম্ভোঃ সতী যথা ভর্য্যা লক্ষ্মীর্লক্ষ্মীপতের্যথা ॥ রূপসৌভাগ্যসংযুক্তা স্বামিনা সহ মোদতে। পুত্রপৌত্রধনৈর্যুক্তা সতী সাধ্বী পতিব্রতা ॥ ইত্যেতৎ কথিতং পুত্র বাৎসল্যেন তবানঘ। মাসি মা স চ যঃ কুর্য্যাৎ স যাতি বৈষ্ণবং পদং ॥ জলপূর্ণঘটং দদ্যাৎ সুভোজ্যং দক্ষিণান্বিতং। শ্রুত্বা কথাং বিধানেন বৎসরান্তে প্রতিষ্ঠয়েৎ ॥ ব্রতান্তে বাসসাচ্ছাদ্য ঘটং বৈ তাম্রনির্ম্মিতং। ব্রাহ্মণায় প্রদদ্যাত্তু সর্ব্বমেতদশেষতঃ ॥ বিষ্ণুমুদ্দিশ্য হোমঞ্চ বিষ্ণুমন্ত্রেণ কারযেৎ। অষ্টোত্তরশতং বাপি অষ্টাবিংশতিমেব বা ॥ অশ্বত্থেন (অযুতেন) সমিদ্ভিশ্চ জুহুয়াৎ ভক্তিসংযুতঃ সংপূর্ণে দক্ষিণাং দদ্যাৎ ব্রাহ্মণায় বিশেষতঃ ॥ ভোজ্যং দদ্যাদ্‌যথাশক্তি-যজ্ঞোপবীত-সংযুতং। পায়সং বিষ্ণবে দদ্যাৎ সলক্ষ্মীকায় ভক্তিতঃ ॥ অচ্ছিদ্রমবধার্য্যাথ বামদেবাখ্য কীর্ত্তয়েৎ। শ্রীবিষ্ণুপ্রীতয়ে বিপ্রান্ ভোজয়েৎ-

ঘৃতপায়সং ॥ যা করোতি বংশৈকতজ্জলসংক্রান্তিনামকং। সর্ব্বপাপ বিনির্ম্মুক্তা চান্তে যাতি হরেঃ পুরং॥ যে শৃণ্বন্তি কথাং দিব্যাং শ্রদ্ধয়া চ যুধিষ্ঠির। নানাসুখমিহাস্থায় তে যান্তি পরমাং গতিং॥ ইতি শ্রীভবিষ্যপুরাণে জলসংক্রান্তিব্রতকথা সমাপ্তা।

জলসংক্রান্তি ব্রত কথার অর্থ।

ভারত-যুদ্ধাবসানে শরশয্যাশায়ী ধর্ম্মশাস্ত্রবিৎ ভীষ্মকে একদা রাজা যুধিষ্ঠির প্রণাম পূর্ব্বক ইহা জিজ্ঞাসা করিয়াছিলেন, হে পিতামহ কোন্ কর্ম্ম দ্বারা মনুষ্য রূপবান ও ধার্ম্মিক হয় এবং পাপ হইতে মুক্ত হইতে পারে? এবং যমালয়ে (সন্ত্রাসে অতিতৃষিত) মনুষ্য সর্ব্বদা কিরূপে (জীবনপ্রদ) জল লাভ করিতে পারে ও নরক দর্শন করে না তাহা আমাকে বলুন। ভীষ্ম কহিলেন, পূর্ব্বে গুণসার নামক কুলোদ্ভবা সর্ব্বগুণান্বিতা পতিপরায়ণা সর্ব্বদা গৃহাঙ্গন চিত্র করণে নিযুক্তা গুণবতী নাম্নী এককামিনী ছিলেন; তিনি একদা ভর্ত্তার সহিত গৃহে অবস্থিতি কালে মধুর বাক্যে স্বামি মাণ্ডবমুনিকে জিজ্ঞাসা করিয়া ছিলেন যে, হে বিপ্রেন্দ্র। যেমন স্বর্গে বিষ্ণুর সহিত লক্ষ্মীবাস করেন তদ্রূপ কোন্ ব্রত দ্বারা দুর্ভগা নারী সৌভাগ্যবতী হয়. মাণ্ডব ঋষি বলিয়াছিলেন, যে হে সুভগে তুমি শ্রবণ কর, ইহ লোকের

যোগ্য, জল সংক্রান্তি নামক এক উৎকৃষ্ট ব্রত আছে, যাহা করিলে নারীগণ বিষ্ণুপদ প্রাপ্ত হয়েন এবং যমলোকে সুদুস্তর নরক দর্শন করেন না ও সর্ব্বদা সর্ব্বত্র জল লাভ করেন। যুধিষ্ঠির কহিলেন, হে পিতামহ! আমার প্রতি যদি তুষ্ট হইয়া থাকেন তবে সেই ব্রতের বিধান বিশেষ করিয়া বলুন; ভীষ্ম কহিয়াছিলেন, শুদ্ধকালে শুভ মহাবিষুব সংক্রান্তিতে সর্ব্বকামফলপ্রদ এই ব্রত আরম্ভ করিবে, প্রাতঃস্নান পূর্ব্বক শুচি হইয়া নারায়ণকে পূজা করিয়া সংকল্প করণানন্তর বাসুদেব ও লক্ষ্মীকে ধূপ দীপাদি নানা উপচার দ্বারা পূজা করিবেন। যে নর নারী ভক্তি পূর্ব্বক এই ব্রত করেন তিনি পিতৃ কুল ও শ্বশুর কুল উদ্ধার করিয়া অন্তিমে বিষ্ণুলোকে গমন করিবেন এবং শচী অরুন্ধতী ও লক্ষ্মীর ন্যায়, স্বামি সৌভাগ্য লাভ পূর্ব্বক পুত্র পৌত্রাদি লাভ করিবেন।

হে পুত্র। প্রতিমাসীয় সংক্রান্তিতে যে ব্যক্তি সভোজ্য জলপূর্ণ ঘটদান করিয়া, বৎসরান্তে এই ব্রত প্রতিষ্ঠা করেন তিনি বিষ্ণুপদ প্রাপ্ত হইবেন, প্রতিষ্ঠায় সবস্ত্র তাম্রঘট দান, অশ্বত্থ সমিধ দ্বারা হোম এবং ব্রাহ্মণদিগকে সঘৃত পায়স ভোজন করাইবে। এই কথা শ্রবণ করিলেও পরম গতি লাভ হয়।

দানসংক্রান্তিব্রতম্।

কর্ত্তব্যেঽস্মিন্ দানসংক্রান্তি ব্রত কর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু। ওঁ পুণ্যাহং ৩।

যজমান ইত্যাদি ক্রমে স্বস্তিবাচন করিয়া সংকল্প করিবেন, যথা,—বিষ্ণুর্নমোঽদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথৌ অমুক গোত্রা শ্রীঅমুকী দেবী শ্রীবিষ্ণু প্রীতিকামা মহাবিষুব সংক্রান্ত্যামারভ্য সম্বৎসরং যাবৎ প্রতিমাসীয় সংক্রান্ত্যাং *যথোক্ত দ্রব্যদান রূপং দান সংক্রান্তি ব্রতমহং করিষ্যে।

পরে, পুরোহিত সংকল্পসূক্ত পড়িয়া, স্বীয় আসনে উপবেশন পূর্ব্বক সামান্যার্ঘ্যাদি ও ন্যাসাদি করিয়া, গণেশাদিকে পূজা করিবে।

তৎপরে, বিশেষ উপচারে বিষ্ণু ও লক্ষ্মীর পূজা পূর্ব্বক ভোজ্য দিবে। তত্তদ্দ্রব্য † বিপ্রসম্প্রদানক উৎসর্গ করাইয়া যজমানকে কথা শুনাইবেন।

---

* মলমাসযুক্ত বৎসরে মলমাসীয় সংক্রান্তিতে দান করিতে হইবে না।

† দানবাক্য ও দানীয় দ্রব্য যথা—অদ্যেতাদি অমুক গোত্রা শ্রীঅমুকী দেবী শ্রীবিষ্ণু প্রীতিকামা, ইদং সবস্ত্রতৈজসাধার জলং শ্রীবিষ্ণুদৈবতং যথাসম্ভব গোত্রনাম্নে ব্রাহ্মণায় অহং দদে। জ্যৈষ্ঠে পরমপদ প্রাপ্তি কামনায় ছত্রদান, ইত্যাদি কথায় বিস্তারিত দেখ।

অথকথা। নারদো নাম দেবর্ষির্জগাম বিষ্ণু মন্দিরং। তত্র দৃষ্ট্বা বাসুদেবং পপ্রচ্ছ মুনি-সত্তমঃ॥ নারদ উবাচ। ব্রতেন কেন ভগবন্ নরাণাং পাপনাশনং। নারীণাং চৈবসৌভাগ্যং তন্মে ব্রূহি জনার্দ্দন॥ ভগবানুবাচ। শৃণু নারদ বক্ষ্যামি ব্রতানাং ব্রতমুত্তমং। সর্ব্বপাপক্ষয়-করং তথা দুঃখবিনাশনং॥ মহাবিষুবসংক্রান্ত্যামারভেদ্ব্রতমুত্তমং। দানসংক্রান্তি নামাপি নরাণাং ভূতিদায়কং। নারীণাঞ্চৈব সৌভাগ্যং তথা পাপপ্রণাশনং। ধনংধান্যং তথারোগ্য-মবৈধব্যঞ্চ জায়তে॥ বিধানং শৃণু বক্ষ্যামি ব্রতঞ্চ যাদৃশং ভবেৎ। বৈশাখে জলকুম্ভঞ্চ দদ্যাদ্বস্ত্রান্বিতং তথা॥ মধুসূদনমুদ্দিশ্য ব্রাহ্মণায় প্রদাপয়েৎ। বিষ্ণুপদ্যাং তথা জ্যৈষ্ঠে ছত্রং দদ্যাদ্দ্বিজাতয়ে॥ প্রাপ্নোতি পরমং স্থানং দেবনামপি দুর্ল্লভং। আষাঢ়ে ব্যজনং দদ্যাচ্চন্দনেন সমন্বিতং॥ শ্রীনারায়ণমুদ্দিশ্য হবিষ্যন্তোষকারকং। দিব্যংবিমানমারুহ্য স যাতি ব্রহ্মণঃ পদং॥ পদ্মাসনং শ্রাবণে চ প্রদদ্যাৎ দক্ষিণায়নে। কৃষ্ণেন বিষ্ণুরূপেণ নীয়তে ব্রহ্মণঃ পদং। ভাদ্রে দদ্যাদ্বিষ্ণুপদ্যাং জাতীপুষ্পং দ্বিজাতয়ে। জাতীপুষ্পপ্রমাণেন স্বর্গলোকে মহীয়তে॥ আশ্বিনে ষড়শীত্যাঞ্চ প্রদদ্যাদ্ঘৃতভাজনং। না সূর্য্যমণ্ডলে নিত্যং

বসেদ্বা চন্দ্রমণ্ডলে॥ [ষড়শীতি সমাখ্যাতা সংক্রান্তিরাশ্বিনে ভবেৎ। তস্যাং গুড়-প্রদানেন লভতে শ্রিয়মুত্তমং] কার্ত্তিকে বিষুবে চৈব প্রদদ্যাত্তিলমোদকং। সা সর্ব্বকুল-মুদ্ধৃত্য যায়তে সুরমন্দিরং॥ মার্গশীর্ষে বিষ্ণুপদ্যাং গন্ধদানমুদাহৃতং। ব্রাহ্মণায় প্রদাতব্যং গন্ধর্ব্বদেবতাপ্রিয়ং॥ ষড়শীত্যাং তথা পৌষে পট্টবস্ত্রং হিমাগমে। দ্বিজায় চ প্রদাতব্যং লভতে সুখমুত্তমং॥ উত্তরায়ণে মহাপুণ্যে মাঘে মাসি মহামুনে। যঃ প্রযচ্ছেত্তু তাম্বুলং ব্রাহ্মণায় বিশেষতঃ॥ দিব্যেনৈব বিমানেন ব্রজেম্মম পুরে ধ্রুবং॥ ফাল্গুনে বিষ্ণুপদ্যাঞ্চ দদ্যাদ্রজতমুত্তমং (গন্ধং দদ্যাৎ সুশোভনং)। শ্রীনারায়ণমুদ্দিশ্য ব্রাহ্মণায় ততো হি সা। সপ্তকল্পং দিব্যদেহে বসেৎ শিবপুরে সদা। ষড়শীত্যাং তথা চৈত্রে স্বর্ণং দদ্যাদ্দ্বিজাতয়ে (দানং পুষ্প ফলস্য চ)। সুবর্ণং বিধিবদ্দত্বা মচ্ছরীরে ধ্রুবং বিশেৎ॥ সংপূর্ণে বিষুবে সম্যক্ দানসংক্রান্তিকব্রতং। দদ্যাৎ ধেনুং সবৎসাঞ্চ ব্রাহ্মণায় সুসংযতঃ। প্রতিষ্ঠাং চৈব যত্নেন কুর্য্যাৎ শুভদিনে তথা। সা সর্ব্বকুলমুদ্ধৃত্য বিষ্ণুলোকে মহীয়তে॥ *॥ ইতি ব্রহ্মপুরাণে নারায়ণ নারদ সংবাদে দানসংক্রান্তিব্রতকথা সমাপ্তা॥

দানসংক্রান্তি ব্রত কথার অর্থ।—একদা দেবর্ষি নারদ বিষ্ণুলোকে যাইয়া বাসুদেবকে জিজ্ঞাসা করিয়াছিলেন, হে ভগবন! কোন ব্রত নরনারীর পাপপ্রণাশক ও সৌভাগ্যদায়ক তাহা বলুন; ভগবান্ কহিলেন, হে নারদ! একটি উত্তম ব্রতের বিষয় বলিতেছি শ্রবণ কর, দানসংক্রান্তি ব্রতই দুঃখ ও পাপ নাশক এবং অবৈধব্য প্রদায়ক, এই ব্রত মহাবিষুব সংক্রান্তিতে আরম্ভ করিয়া বৎসরাবধি প্রতি সংক্রান্তিতে করিতে হইবে, ইহার বিধান শুন, বৈশাখে মহাবিষুব সংক্রান্তিতে বস্ত্র সহিত জলপূর্ণ কুম্ভ মধুসূদনের উদ্দেশ্যে ব্রাহ্মণকে দিবে, জ্যৈষ্ঠে ছত্রদানে উৎকৃষ্ট স্বর্গলাভ হয়, আষাঢ়ে হবিষ্যাশী হইয়া সচন্দন ব্যজন প্রদান করিবে, এই প্রকারে দক্ষিণায়ন সংক্রান্তিতে পদ্মাসন, ভাদ্রে জাতিপুষ্প সমূহ, আশ্বিনে ঘৃত সহিত তৈজস পাত্র এবং গুড় দিবে, কার্ত্তিকে তিললড্ডুক, মার্গশীর্ষে তৈজসাধার গন্ধদ্রব্য, পৌষে শীতনিবারক বাহুর বস্ত্র, উত্তরায়ণ সংক্রান্তিতে সাধার তাম্বুল, ফাল্গুনে রৌপ্য বা গন্ধদ্রব্য, চৈত্রে স্বর্ণ বা উত্তম পুষ্প প্রদান করিলে উত্তমোত্তম স্বর্গলাভ হয়। পুনশ্চ মহাবিষুব সংক্রান্তিতে ব্রত সম্পূর্ণ করিয়া সবৎসা ধেনু অভাবে তম্মূল্য তিনকাহন বরাটক প্রদান করিবে।

এই সকল দানীয় দ্রব্য এবং ভোজ্য বিপ্রসম্প্রদানক উৎসর্গ করিবে এবং পূর্ণ বৎসরে প্রতিষ্ঠা করিবে।

দধিসংক্রান্তিব্রতম্।

পুরোহিত যজমানকে স্বস্তিবাচন করাইয়া, সংকল্প করাইবেন, যথা—বিষ্ণুর্নমোঽদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রা শ্রীঅমুকী দেবী শ্রীবিষ্ণু প্রীতিকামা (হৃদয় সন্তাপানুৎপত্ত্যবৈধব্য-ধন-ধান্য সমৃদ্ধি-সৌভাগ্য-সুখবৃদ্ধি কামা বা) উত্তরায়ণ সংক্রান্ত্যামারভ্য সংবৎসরং যাবৎ প্রতিমাসীয় সংক্রান্ত্যধিকরণক গণেশাদি দেবতা পূজা পূর্ব্বক সলক্ষ্মীক বিষ্ণুপূজা সভোজ্য দধি দান তৎকথা শ্রবণাত্মকং দধি সংক্রান্তিব্রতমহং করিষ্যে।

পুরোহিত,—ওঁ দেবো বো—ইত্যাদি পাঠ করিয়া, যথাশক্তি স্নানাদি সমাধা পূর্ব্বক গণেশাদির পূজানন্তর বিষ্ণু ও লক্ষ্মীর বিশেষ পূজা করিবে, পরে দধি সমন্বিত ভোজ্য উৎসর্গান্তে কথা শুনাইবে।

অথ কথা অগস্ত্য উবাচ। নৃণাং হৃদয়সন্তাপঃ কর্ম্মণা কেন মাধব। ব্রতেন তপসা বাপি প্রয়াতি করুণাময় ॥ কৃপাং কুরু সুরশ্রেষ্ঠ তন্মে ব্রূহি জনার্দ্দন ॥ শ্রীকৃষ্ণ উবাচ ॥ এত-

দর্থে কথাং দিব্যাং শৃণু বক্ষ্যামি তে মুনে। ক্ষীরোদধৌ পুরা বিপ্র শেষপর্য্যঙ্কশায়কঃ ॥
অভবং তত্র মে লক্ষ্মীঃ পাদ সম্বাহিকাভবৎ। অথ তস্তোদধেস্তীরে গত্বা কাচন কন্যকা ॥
রোদিতিস্মাতিসন্তপ্তা বিলপ্য চ পুনঃ পুনঃ। শোকেন মহতাত্যর্থং মনস্তাপেন দুঃখিতা ॥
তস্যাস্তথা রুদত্যাশ্চ দুঃখাদাকুলচেতসঃ। নিশম্য করুণং লক্ষ্ম্যা বারি সুস্রাব চক্ষুষোঃ ॥
তপ্তানাং বারিবিন্দূনাং পতনঞ্চ মমোপরি। তেষাং স্পর্শাদহং নিদ্রাং মহর্ষে
ত্যক্তবাংস্তদা ॥ অবোচঞ্চ তদা লক্ষ্মীং কারুণ্যদ্রবচেতসং। কস্মাৎ ত্বং রোদিষি শুভে
কিন্তে শোকস্য কারণং ॥ ইত্যুক্ত্বা তু তদা লক্ষ্মীঃ প্রত্যুবাচাতিদুঃখিতা ॥ শ্রীলক্ষ্মীরুবাচ।
দেবাস্য জলধেস্তীরে প্রত্যহং কাপি কন্যকা। রোদিত্যত্যন্তদুঃখার্ত্তা করুণঞ্চ বিলাপিনী।
তস্যাস্তথাবিধাং বাচং নিশম্য মম বেগতঃ। সুস্রাব নেত্রজং বারি কারুণ্যান্মধুসূদন ॥
মনুষ্যানাং কথং দেব হৃত্তাপো নোপপদ্যতে। তন্মে ব্রুহি জগন্নাথ শ্রোতুং কৌতুহলং
মম ॥ দেব উবাচ। শৃণু প্রিয়ে প্রবক্ষ্যামি দধিসংক্রান্তি নামকং। ব্রতমস্তি মনুষ্যানাং
হৃত্তাপোপশমং ভবেৎ ॥ শুভে কালে তু সংপ্রাপ্তে সংক্রান্তির্বা শুভা ভবেৎ। উত্তরায়ণ-

সংক্রান্তির্বিশেষেণ প্রশস্যতে ॥ তত্রারভ্য ব্রতঞ্চৈব কর্ত্তব্যং বৎসরাবধি। মাং ত্বয়া সহিতং দধ্না স্নাপয়িত্বা প্রযত্নতঃ ॥ গন্ধাদিভিশ্চ বিধিবদুপচারৈঃ সমর্চ্চয়েৎ। গব্যং দধি শুভং দেবি মম হস্তে প্রদাপয়েৎ ॥ দধিভোজ্যং ব্রাহ্মণায় প্রদদ্যাৎ প্রযতেন চ। মাসি মাসি চ সংক্রান্ত্যাং দধিভোজ্যঞ্চ বৎসরং ॥ প্রদদ্যাৎ বিপ্রমুখ্যায় হবিষ্যান্নং স্বয়ঞ্চরেৎ। সমাপ্তে তু ব্রতে দেবি গন্ধপুষ্পনিবেদনৈঃ ॥ বস্ত্রযজ্ঞোপবীতাদ্যৈ র্বিশেষেণ সমাচরেৎ। দ্বাদশব্রাহ্মণান্ ভক্ত্যা ভোজয়েৎ দধিভিঃ সহ ॥ বিপ্রেভ্যো দক্ষিণাং দদ্যাৎ প্রতিষ্ঠার্থং ব্রতস্য চ। কুরুতে যো ব্রতং তস্য হৃত্তাপো নোপজায়তে ॥ বৈধব্য-দুঃখাৎ নিস্তার্য্য ধনধান্যসমৃদ্ধিদং। দম্পত্যোঃ প্রীতিজননং সর্ব্বসৌখ্যবিবর্দ্ধনং। কর্ত্তব্যং পুরুষৈঃ স্ত্রীভিব্র্বতং মোক্ষকরং পরং। এবন্তে কথিতং দেবি ব্রতানাং ব্রতমুত্তমং ॥ কথামেতাঞ্চ যে পুণ্যাং শৃণ্বন্তি শ্রদ্ধয়া নরাঃ। সর্ব্বদুঃখাদ্বিনির্ম্মুক্তাস্তেঽপি যান্তি পরাং গতিং। ইতি ভবিষ্যপুরাণোক্তা দধিসংক্রান্তি ব্রতকথা সমাপ্তা ॥

দধিসংক্রান্তি কথা ব্যাখ্যা।

দধিসংক্রান্তি ব্রত কথা ব্যাখ্যা। অগস্ত্য মুনি শ্রীকৃষ্ণকে জিজ্ঞাসা করিয়াছিলেন, কোন্ কর্ম্মদ্বাবা মানবেব হৃদয় সন্তাপ বিনষ্ট হয় তাহা বলুন, শ্রীকৃষ্ণ বলিয়াছিলেন, এই সম্বন্ধে একটী প্রাচীন কথা তোমায় বলিতেছি শ্রবণ কব, পূর্ব্বে যখন ক্ষীরসমুদ্রে অনন্তশয্যায় আমি নিদ্রিত ছিলাম তখন একদিন পদসেবা-তৎপবা লক্ষ্মীব উত্তপ্ত নেত্রজল আমাব গাত্রে পড়ায় লক্ষ্মীকে জিজ্ঞাসা কবিয়াছিলাম, হে দেবি। তোমাব ক্রন্দনেব কাবণ কি? লক্ষ্মী কবযোড়ে বলিলেন, যে, এই জলধি তীবে প্রত্যহ একটি কন্যা আসিয়া বহু বিলাপ পূর্ব্বক বোদন কবে, তাহাব জন্য আমি দুঃখিতা হইয়াছি, অতএব মনুষ্যেব হৃদয় সন্তাপ নাশেব উপায় কি বলুন, শ্রীকৃষ্ণ কহিলেন, হৃত্তাপনাশক দধি সংক্রান্তি ব্রতেব বিষয় বলিতেছি শ্রবণ কব; উত্তবায়ণ সংক্রান্তি হইতে সম্বৎসবকাল প্রতিমাসীয় সংক্রান্তিতে হবিষ্যান্ন ভোজী হইয়া, দধিদ্বাবা আমাদিগকে স্নান কবাইয়া বিশেষ পূজা কবিবে এবং উত্তম দধি সমন্বিত ভোজ্য ও নৈবেদ্য দান কবিবে। প্রতিষ্ঠাকালে দ্বাদশটি ব্রাহ্মণকে দধিযুক্ত অন্নাদি ভোজন কবাইবে। এই ব্রতানুষ্ঠান দ্বাবা আমি তুষ্ট হইয়া, মানবেব দুঃখনাশ ও সুখসম্পদ প্রদান কবিযা থাকি এবং বৈধব্যদোষও খণ্ডন হয়।

অন্ন সংক্রান্তি ব্রতম্ *।

পুরোহিত যজমানকে স্বস্তিবাচন পূর্ব্বক সংকল্প করাইবেন, যথা—বিষ্ণুর্নমোঽদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকাতিথৌ মহাবিষুব সংক্রান্ত্যামারভ্য বৎসরং যাবৎ প্রতিমাসীয় সংক্রান্ত্যাং অমুক গোত্রা শ্রীঅমুকী দেবী দীর্ঘায়ুষ্ট্ব-সৌভাগ্যাবৈধব্যবিশিষ্টান্ন-প্রাপ্তি পূর্ব্বক বিষ্ণুলোক প্রাপ্তি কামা (শ্রীবিষ্ণু প্রীতিকামা বা) যথোক্ত বিধিনা অন্নদানরূপমন্নসংক্রান্তি-ব্রতমহং করিষ্যে।

পুরোহিত সংকল্প সূক্ত পড়িয়া, ন্যাসাদি করিয়া, গণেশাদির পূজাপূর্ব্বক বিষ্ণু ও লক্ষ্মীর বিশেষ পূজা করিয়া, "ওঁ সঘৃত সোপকরণামান্নায নমঃ" ইত্যাদি ক্রমে অন্নোৎসর্গ করণানন্তর কথা শুনাইবে।

---

* এই ব্রতে উপকরণ যুক্ত প্রচুর অন্নদান করিবে, ইহার প্রতিষ্ঠা ব্যবহার নাই, কোন কোন পদ্ধতিতে প্রতিষ্ঠার কথা আছে। ব্রতদিনে ও তৎপূর্ব্বদিনে হবিষ্যান্ন ভোজন করিবে। কোন কোন পদ্ধতিতে বৃশ্চিক সংক্রান্তিতে এই ব্রতের আরম্ভের কথা আছে

অন্নসংক্রান্তি ব্রতম্।

যুধিষ্ঠির উবাচ ॥ অন্নদানস্য মাহাত্ম্যং বদ ভীষ্ম পিতামহ। যৎকৃত্বা প্রাপ্যতে লোকৈরন্নং পরমদুর্ল্লভং ॥ ভীষ্ম উবাচ ॥ অন্নং সুদুর্ল্লভং লোকে বিনা দানঞ্চদুর্ল্লভং। অন্নদানাৎপরং দানং দানানাং শ্রেষ্ঠমুচ্যতে। নিষ্পাপো জায়তে যস্মাৎ প্রাপ্যতে গতি-মুত্তমাং। তস্মাদ্‌যত্নেন কর্ত্তব্য মন্নদানং নরাধিপ ॥ যুধিষ্ঠির উবাচ ॥ কস্মিন্ কালে বিধানেন কেন বা নরপুঙ্গব। কর্ত্তব্যমন্নদানঞ্চ শ্রেয়স্কামেন শ্রদ্ধয়া ॥ ভীষ্ম উবাচ ॥ ব্রতমস্তি মহাপুণ্যমন্নসংক্রান্তিনামকং। তস্যানুষ্ঠানমাত্রেণ সুলভাঃ সর্ব্বসিদ্ধয়ঃ। শুভে কালে মার্গশীর্ষে সংক্রান্ত্যাং ব্রতমাচরেৎ। নিরামিষঞ্চ পূর্ব্বেদ্যুঃ পরেহহ্নিস্নানমাচরেৎ ॥ গণেশাদীংশ্চ সংপূজ্য লক্ষ্মীনারায়ণং ততঃ। পূজয়েদ্গন্ধপুষ্পাদ্যৈর্ভক্ত্যা চান্নং প্রদাপয়েৎ ॥ কথাং শ্রুত্বা নমস্কৃত্য হবিষ্যমাচরেদ্ব্রতী। এবমেববিধানেন প্রতি সংক্রমণে তথা। যঃ করোতি নরো ভক্ত্যা নারী যাচ পতিব্রতা ॥ দীর্ঘায়ুশ্চ তথারোগ্যমবৈধব্যং তথা পুনঃ। অন্তে চ দুর্ল্লভং স্থানং প্রাপ্যতে নাত্র সংশয়ঃ ॥ যুধিষ্ঠির উবাচ। কেন বাপি কৃতং পূর্ব্বং ব্রতমেতৎ পিতামহ ॥ ভীষ্ম উবাচ ॥ নহুষো নাম রাজাভূৎ সর্ব্বধর্ম্মরতশ্চ সঃ। সর্ব্বদানং

কৃতং ত্বেন বিনান্নং নৃপসত্তম ॥ গতে বহুদিনে চৈব ক্ষীণায়ুর্নৃপসত্তমঃ। যমদূতৈর্নীয়মানো ব্যাকুলঃ ক্ষুধয়া নৃপঃ ॥ যযাচেঽন্নং দেহি দূত প্রাণরক্ষাং কুরুষ মে ॥ দূত উবাচ ॥ পূর্ব্বে যদ্দীয়তে বস্তু প্রাপ্যতেঽত্রাপি তৎফলং। অন্নদানং ত্বয়া রাজন্নকৃতং প্রাপ্যতে কথং ॥ পুনশ্চ যাচমানন্তু রাজানং যমদূতকঃ ॥ প্রেরয়ামাস ধর্ম্মায় যমো বাক্যমুবাচ হ ॥ মাক্রন্দ নরশার্দ্দূলচান্নসংক্রান্তি নামকং ব্রতং কুরুষ্ব ধর্ম্মজ্ঞ পৃথিব্যাঞ্চ নরাধিপ ॥ এবং রাজা চ ধর্ম্মজ্ঞো জ্ঞাত্বা ব্রতমনুত্তমং' মুক্তোঽভবৎ ব্রতং কৃত্বা চান্নসংক্রান্তি নামকং ॥ কর্ত্তব্যং পুরুষৈঃ স্ত্রীভিঃ সর্ব্বদা নরপুঙ্গব। ইতি বিষ্ণুধর্ম্মোত্তরে অন্ন সংক্রান্তি ব্রতকথা সমাপ্তা।

অন্নসংক্রান্তি কথার অনুবাদ। যুধিষ্ঠির ভীষ্মকে জিজ্ঞাসা করিয়াছিলেন, হে পিতামহ! যে কর্ম্মদ্বারা প্রচুর অন্নলাভ করা যায় তাহা বলুন, ভীষ্ম কহিলেন অদাতার পক্ষেই অন্ন দুর্ল্লভ, অন্ন অপেক্ষা শ্রেষ্ঠদান আর নাই, মহাপাপীও অন্নদানে মুক্ত হয়, ইহার বিধান বলিতেছি শ্রবণ কর; মার্গশীর্ষে (অনেক পদ্ধতির মতে বৈশাখে) সংক্রান্তি হইতে প্রতিমাসে যথাবিধানে লক্ষ্মীনারায়ণ পূজা পূর্ব্বক অন্নদান করিয়া কথা শুনিবে। পূর্ব্বে নহুষ রাজা যমপুরে যাইয়া ক্ষুধাব্যাকুলচিত্তে যমদূতের নিকট অন্ন প্রার্থনা করায়, যমকিঙ্করগণ

বলিয়াছিলেন, আপনি পূর্ব্বে বহুদান করিলেও অন্নদান না করায় অন্ন পাইবেন না, রাজার দুঃখ দেখিয়া ধর্ম্মরাজ বলিয়াছিলেন, মহারাজ। যাহা না দেওয়া যায় তাহা পাওয়া যায় না, আপনি পৃথিবীতে যাইয়া অন্নসংক্রান্তি ব্রতানুষ্ঠান ও প্রচার করিলে সুলভ অন্নলাভ করিয়া অন্তিমে মুক্তি লাভ করিবেন, অন্নদান অপেক্ষা (যাচকের ক্ষুন্নিবৃত্তি হেতু আশা পূরক) উত্তম দান আর নাই।

ধর্ম্মঘটব্রতম্ ।

পুরোহিত স্বস্তিবাচন করাইয়া, যজমানকে সঙ্কল্প করাইবেন, যথা,—বিষ্ণুর্নমোঽদ্য-বৈশাখে মাসি মেষরাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুক তিথৌ মহাবিষুব সংক্রান্ত্যা-মারভ্য বিষ্ণুপদীসংক্রান্তিং যাবৎ প্রতিদিনং অমুক গোত্রা শ্রীঅমুকী দেবী বিষ্ণুধর্ম্মোক্ত দুষ্কতসন্তরণ নিরাময়াক্ষয়স্বর্গলোক-সুশীলত্ব সকলমনোরথপ্রাপ্তি পূর্ব্বক তৃষ্ণা-সুখসন্তরণকামা শীতলোদকপূরিতধর্ম্মঘট ব্রতমহং করিষ্যে।

পুরোহিত সঙ্কল্প সূক্ত পড়িয়া, যথাশক্তি স্নানাদি করিয়া, গণেশাদি দেবতা পূজা বিষ্ণু লক্ষ্মী ও ধর্ম্মরাজের বিশেষ পূজা করিবেন।

সভোজ্য ঘটে চন্দন দিয়া ঐ ঘটে ধর্ম্মরাজের আবাহন করিবে, যথা—ওঁ এহ্যেহি ভগবন্ ধর্ম্ম তোয়মেতৎ সমাবিশ। সহিতো লোকপালৈশ্চ বস্বাদিত্য-মরুদ্গণৈঃ॥

ঘট ধরিয়া,—সভোজ্য শীতলোদকপূরিতঘটায়নমঃ—ইত্যাদি অর্চ্চনা করিয়া, বিষ্ণু-রোম্ তৎসদোমদ্য বৈশাখে মাসি মেষ রাশিস্থে ভাস্করে অমুকে পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা অমুক গোত্রায়াঃ শ্রীঅমুকী দেব্যাঃ সঙ্কল্পিত ধর্ম্মঘটব্রতকর্ম্মণি বিষ্ণুধর্ম্মোত্তরোক্ত দুষ্কৃতসন্তরণনিরাময়াক্ষয়-স্বর্গলোকসুশীলত্ব সকলমনোরথপ্রাপ্তিপূর্ব্বক তৃষ্ণাসাগর সুখসন্তরণকামা ইমং ধর্ম্মঘটং সুগন্ধি শীতলোদকপূর্ণং সভোজ্য গন্ধাদ্যর্চ্চিতং ধর্ম্মদৈবতং যথাসম্ভব গোত্রনাম্নে ব্রাহ্মণায় অহং দদানি।

কৃতাঞ্জলি হইয়া,—ওঁ ধর্ম্ম ত্বং ঘটরূপেণ ব্রহ্মণা নির্ম্মিতঃ পুরা। ত্বয়ি দত্তেঽক্ষয়া লোকাশ্চন্দনৈঃ সর্ব্বদেবতা।১। ওঁ ঘট ত্বং ধর্ম্মরূপেণ ব্রহ্মণা নির্ম্মিতঃ পুরা। ত্বয়ি দত্তেঽক্ষয়া লোকা মম সন্তু নিরাময়াঃ।২। ওঁ যথা ত্বং শীতলো নিত্যং সম্পূর্ণঃ শীতল-বারিণা। তথা মাং দুঃখসন্তপ্তং শীতলং কুরু ধর্ম্মরাট্। পুত্রদারসমেতঞ্চ আত্মানঞ্চ বিশে-

ষতঃ। ত্রাহি মাং ভগবন্নাথ তৃষ্ণাসাগর মধ্যতঃ। ৩। এষ ধর্ম্মঘটো দত্তো ব্রহ্মবিষ্ণু-শিবাত্মকঃ। অস্য প্রদানাৎ সফলা মম সন্তু মনোরথাঃ। ৪।

অথকথা।

শ্রীকৃষ্ণযুধিষ্ঠির সংবাদে রাজোবাচ। কেন ব্রতেন দেবেশ ব্রহ্মবিষ্ণুহরাদয়ঃ। তৃপ্তাশ্চ বরদাশ্চৈব রক্ষাং কুর্ব্বন্তি সর্ব্বতঃ॥ কেন সুশীতলং বাপি কেন তুষ্টঃ পিতামহঃ। সদা মনোরথং পূর্ণং কেন তৃষ্ণাং তরেৎ সদা॥ চিরজীবী জয়ী কেন পরত্র গতিরুত্তমা। এতৎ সমস্তং বিস্তার্য্য কথয়স্ব হরে মম॥ শ্রীকৃষ্ণ উবাচ॥ শৃণু রাজন্ প্রবক্ষ্যামি ব্রতানাং ব্রতমুত্তমং। অস্তি ধর্ম্মঘটং নাম বৈষ্ণবং সমুদাহৃতং॥ রবিসংক্রমণে মেষে শুভে কালে বিশেষতঃ। তত্রৈব ব্রতমারভ্য রাজশার্দ্দূল ধর্ম্মরাট্॥ বৈষ্ণবং ব্রতমাখ্যাতং দুর্ল্লভং ভুবনেষপি। দুষ্কৃতস্তরণং নাম তৃষ্ণাসাগরতৃপ্তিদং। সুগন্ধিশীতলং বারি পূরয়িত্বা ঘটেংপি চ। গন্ধচন্দনসংযুক্তং বস্ত্রাচ্ছাদিতমেব চ। তত্রৈব শোভনং ভোজ্যং স্থাপয়িত্বা

দিনে দিনে। দদ্যাদ্বিপ্রায় বৈশাখে অক্ষয়াতৃপ্তিহেতবে॥ তস্য প্রদানাৎ সফলাঃ সিদ্ধাঃ সন্তু মনোরথাঃ। সদ তৃপ্তিশ্চ দেবানাং সদা তৃপ্তিঃ পিতুর্ভবেৎ॥ সদা সুশীতলং যান্তি সদা বিজয়বর্দ্ধনং। পুত্রদারসমেতঞ্চ তৃষ্ণাসাগরমুত্তরেৎ॥ অরোগী চিরজীবী চ বিদ্বাংশ্চৈব জিতেন্দ্রিয়ঃ। ধনবান্ পুত্রবাংশ্চৈব কামচারো ভবেন্নরঃ॥ বসবো লোক-পালশ্চ আদিত্যাশ্চ মরুদ্গণাঃ। রক্ষাং কুর্ব্বন্তি তে সর্ব্বে ঘটদানপ্রসাদতঃ॥ যথা সুশীতলশ্চন্দ্রো যথা বারি সুশীতলং। তথা সুশীতলো দুঃখাৎ ব্রতস্যাস্য প্রসাদতঃ॥ ইহলোকে সুখীভূত্বা পরত্র গতিরুত্তমা। অন্তে বিষ্ণুপুরং গচ্ছেৎ হরেঃ সন্নিধি-তিষ্ঠতি॥ দিনে দিনে নরশ্রেষ্ঠ শৃণোতি তৎ কথাং শুভাং। পীত্বা পাদোদকং বিষ্ণো র্হবিষ্যাশী ব্রতঞ্চরেৎ। এবং কুর্য্যাচ্চতুর্বর্ষং ব্রতানাং ব্রতমুত্তমং। ইত্যেতৎ কথিতং যত্নাৎ কুরু গত্বা নিজালয়ং॥ গুহ্যাদ্ গুহ্যতরং কার্য্যং ন প্রকাশ্যং কদাচন।॥ *॥ ইতি শ্রীকৃষ্ণযুধিষ্ঠিরসংবাদে ধর্ম্মঘটব্রতকথা সমাপ্তা।॥

ধর্ম্মঘট ব্রতকথা ব্যাখ্যা। রাজা যুধিষ্ঠির কৃষ্ণকে জিজ্ঞাসা করিয়াছিলেন, হে দেবেশ! কোন

ব্রতদ্বারা ব্রহ্মাদি দেবতারা সন্তুষ্ট হইয়া বরপ্রদ ও রক্ষাকারক হয়েন? কোন্ কার্য্য দ্বারা সদা মনোরথ সিদ্ধি, তৃষ্ণা নাশ ও জয়লাভ হয়, ইহা বিস্তারপূর্ব্বক আমাকে বলুন; শ্রীকৃষ্ণ কহিলেন, হে রাজন্! ধর্ম্মঘট নামক একটি উৎকৃষ্ট বৈষ্ণব ব্রত আছে তাহার বিধান বলিতেছি শ্রবণ কর। মেষ সংক্রান্তিতে আরম্ভ করিয়া মাস যাবৎ প্রতিদিন বস্ত্রাচ্ছাদিত জলপূর্ণ ঘটদান করিবে, এইরূপ বর্ষ চতুষ্টয় যাবৎ প্রতি বৈশাখ মাসে এই ব্রতের অনুষ্ঠান করিতে হইবে। ইহাতে অশেষ ফল লাভ হয় এবং দেবতা ও পিতৃলোক পরিতৃপ্ত হয়েন; মানবের অন্তঃকরণ, সকল সন্তাপ হইতে বারির ন্যায় শীতলতা লাভ করে। যথাবিধানে এই ব্রতের অনুষ্ঠান সাবধানে করিবে।

সর্ব্বজয়া ব্রতম্।

যজমান স্বস্তিবান পূর্ব্বক সংকল্প করিবেন,—বিষ্ণুর্নমোঽস্থ কার্ত্তিকে মাসি অমুকে পক্ষে অমুক তিথৌ বিষ্ণুপদী সংক্রান্ত্যামারভ্য আগামি বৃশ্চিক সংক্রান্তিং যাবৎ অমুক

গোত্রা শ্রীঅমুকী দেবী পুত্রপৌত্রাদি সম্পৎ শিবলোকপ্রাপ্তিকামা (শিবদুর্গা প্রীতিকামা বা) ব্রহ্মপুরাণোক্ত বিধিনা শিবদুর্গা পূজা পূর্ব্বক মার্গশীর্ষাদি দ্বাদশমাসিক শাকাদি দ্রব্যপরিত্যাগরূপং সর্ব্বজয়াব্রতমহং করিষ্যে।

পুরোহিত সংকল্প সূক্ত পাঠ করিলে, যজমান কৃতাঞ্জলি হইয়া পড়িবেন,—ইদং ব্রতং ময়া দেবি গৃহীতং পুরতস্তব। নির্ব্বিঘ্নাং সিদ্ধিমাপ্নোতু তৎপ্রসাদান্মহেশ্বরি॥ গৃহীতেস্মিন্ ব্রতে দেবি যত্নপূর্ণে ত্বহং প্রিয়ে। পূর্ণং ভবতু তৎসর্ব্বং তৎপ্রসাদাৎ সুরেশ্বরি॥

পুরোহিত যথাশক্তি ন্যাসাদি করিয়া, গণেশ, শিব, ভাস্কর, কেশব, কৌশিকী, নবগ্রহ, দশদিক্‌পাল ইহাঁদিগের পঞ্চোপচারে পূজা করিয়া, 'হাং হৃদয়ায় নমঃ, এই ক্রমে অঙ্গন্যাস করন্যাস করিয়া শিবের ধ্যান করিবে।

যথা,—ওঁ মুক্তা-পীতপয়োদ-মৌক্তিকজবা-বর্ণৈর্মুখৈঃ পঞ্চভিস্ত্র্যক্ষৈরঞ্চিতমীশমিন্দুমুকুটং পূর্ণেন্দুকোটীপ্রভং। শূলাটঙ্ক-কৃপাণ-বজ্রদহনান্নাগেন্দ্র ঘণ্টাঙ্কুশান্ পাশং ভীতিহরং দধানমমিতাকল্পোজ্জ্বলাঙ্গং ভজে॥

ধ্যানানন্তর মানসোপচারে পূজা করিয়া, বিশেষার্ঘ্য স্থাপন পূর্ব্বক পুনর্ধ্যানানন্তর "ওঁ নমঃ শিবায় নমঃ" মন্ত্রে ষোড়শোপচারে পূজা করিবে। অর্ঘ্যমন্ত্র যথা,—ওঁ নমস্তে সর্ব্বদেবেশ শম্ভো পরমকারণ। উময়া সহিতোঽস্মাকং গৃহাণার্ঘ্যং মহেশ্বর ॥

শিব ষড়ঙ্গ পূজা।—এতে গন্ধপুষ্পে ওঁ শিবায় নমঃ। মহেশ্বরায়। ত্র্যম্বকায়। কপর্দ্দিনে। চন্দ্রশেখরায়। দিগম্বরায়। পার্ব্বতীনাথায়। তৎপরে, অষ্টমূর্ত্তি পূজা ও জপাদি করিবে।

হ্রাং হৃদয়ায় নমঃ, এই ক্রমে অঙ্গন্যাস ও করন্যাস করিয়া গৌরীর ধ্যান করিবে, যথা,—ওঁ দেবীমম্বুজলোচনাং শশিমুখীং পীনস্তনীং সুপ্রভাং। মধ্যে ক্ষীণতরা-মনর্ঘ্য-সুমতীং স্বর্ণৈঃ শুভালঙ্কৃতাং। বিংশত্যগ্রভুজাং ভজামি রুচিবৈর্বস্ত্রৈঃ সদা শোভিতাং: গৌরীং সিদ্ধ-সুরাসুরার্চ্চিতপদাং দারিদ্রবিদ্রাবণীং ॥

মানসোপচারে পূজা ও বিশেষার্ঘ্য স্থাপন পূর্ব্বক পুনর্ধ্যানানন্তর ষোড়শোপচারে পূজা করিবে। অর্ঘ্যমন্ত্র,—ওঁ উমে দেবি মহাদেবি শম্ভোরর্দ্ধাঙ্গধারিণি শিবে সর্ব্বে মহেশানি

গৃহাণার্ঘ্যং মহেশ্বরি ॥ পূজান্তে ষড়ঙ্গ পূজা করিবে, যথা,—রুক্মিণ্যৈ। সত্যভামায়ৈ। গঙ্গায়ৈ যমুনায়ৈ। অপর্ণায়ৈ। মানস্তোকায়ৈ। অপরাজিতায়ৈ। স্বাহায়ৈ। স্বধায়ৈ। সরস্বত্যৈ। দুর্গায়ৈ। শিবায়ৈ। আদিত্যাদি নবগ্রহেভ্যঃ। ইন্দ্রাদিলোকপালেভ্যঃ। প্রাণায়ামপূর্ব্বক যথাশক্তি জপ করিয়া প্রণাম করিবে।

গৌরীর প্রণাম।—ওঁ ময়া কৃতান্যনেকানি পাপানি হর পার্ব্বতি। তৎপ্রসাদাদবিঘ্নেন সমাস্তু সফলং ব্রতম্। সর্ব্বদেবময়ীং দেবীং সর্ব্ববিঘ্নভয়াপহাং। ব্রহ্মেশ-বিষ্ণুনমিতাং প্রণমামি সদা শিবাং ॥

শিবদুর্গা প্রীতিকামনায় সভোজ্য ঘট এবং তত্তন্মসীয় ত্যজ্য দ্রব্য উৎসর্গ করিবে।

অথ কথা। কৈলাস শিখরে স্থিত্বা দেবী দেবমুবাচ হ। দেব্যুবাচ। ব্রতেন কেন দেবেশ নারী সর্ব্বজয়া ভবেৎ। ইতি দেবী বচঃ শ্রুত্বা মহেশ্বর উবাচ তং। ঈশ্বর উবাচ। শৃণু দেবি প্রবক্ষ্যামি ব্রতানাং ব্রতমুত্তমং। যৎকৃত্বা লভতে নারী সৌভাগ্যং বিজয়া ভবেৎ। ভগবন্তং সুখাসীনং পুনঃ পৃচ্ছতি শৈলজা। ব্রতেন কেন দেবেশ নারী সর্ব্ব মনোরথং। সৌভাগ্য

মতুলঞ্চাপি পুত্র পৌত্র বিবর্দ্ধনং। নানা সুখ সমাযুক্তং লভতে বৈষ্ণবং পদং। তদ্ব্রতং ব্রূহি দেবেশ ক্রিয়তে চ যথা প্রভো। শ্রীভগবানুবাচ। অস্তি সর্ব্বজয়া নাম ব্রতানাং ব্রত-মুত্তমং। তস্যানুষ্ঠান মাত্রেণ স্ত্রীণাং সর্ব্ব মনোরথাঃ। লোকত্রয় হিতে যুক্তাঃ সিদ্ধন্তীহ ন সংশয়ঃ। কুরু ত্বং তদ্ব্রতং দেবি প্রচারয় মহীতলে। দেব্যুবাচ। প্রসন্নো যদি দেবেশ বিধানং তস্য কথ্যতাং। সুখেন যেন দেবেশ ক্রিয়তে ব্রতমুত্তমং। শ্রীভগবানুবাচ। সর্ব্ব-জয়া ব্রতং বক্ষ্যে শৃণু দেবি সুশোভনে। নৈতদ্দৃষ্টং ব্রতং দেবি যথা সর্ব্বজয়াব্রতং। তৎ-কুরুষ প্রযত্নেন যথা সর্ব্বজয়ো ভবেৎ॥ মার্গশীর্ষে ত্যজেৎ শাকং পুণ্ডরীকাক্ষতাং লভেৎ। পৌষে তু লবণং ত্যক্ত্বা শ্রিয়মাপ্নোত্যনুত্তমাং। মাঘে তৈলং পরিত্যজ্য গো লক্ষ দানজং ফলং। পূগন্তু ফাল্গুনে মাসি রাজতে স্ত্রী পতিব্রতা। যাতি দিব্য বিমানেন সা ন যাতি যমালয়ং। চৈত্রে ত্যক্ত্বা মাল্যপুষ্পং যাতি সা পরমাং গতিং। ভক্তং ত্যক্ত্বা তু বৈশাখে যাতি বিষ্ণুপুরং মহৎ। জ্যৈষ্ঠে ধারাজলং ত্যক্ত্বা পুরন্দরপুরং বসেৎ। আষাঢ়ে দধি সংত্যক্ত্বা বারুণং লোকমাপ্নুয়াৎ বস্ত্রন্তু শ্রাবণে ত্যক্ত্বা প্রজাপতি পুরং বসেৎ। ভাদ্রে

তু চামরং ত্যক্ত্বা ব্যজনঞ্চ বিশেষতঃ। যাতি দিব্যবিমানেন কৈলাশং সা পতিব্রতা। আশ্বিনে তু ঘৃতং ত্যক্ত্বা নারায়ণ পুরং লভেৎ। শয্যান্ত কার্ত্তিকে ত্যক্ত্বা চন্দ্রলোকং ব্রজন্তি তাঃ। এতানি ত্যক্ত বস্তূনি মাসি মাসি দ্বিজাতয়ে। নানা সোপকৃতং ভোজ্যং দদ্যাৎ সৌখ্য-মিহেচ্ছতী। সা কুলদ্বয়মুদ্ধৃত্য বিষ্ণোঃ সালোক্য-মাপ্নুযাৎ। পূর্ণে সম্বৎসরে চৈব প্রতিষ্ঠা তদনন্তরং সৌবর্ণং কারয়েচ্ছম্ভুং দেবীঞ্চকনকাকৃতিং। দানং দ্বাদশকং শক্ত্যা দদ্যাৎ বিপ্রায় শোভনে মণ্ডলং সর্ব্বতোভদ্রং তত্র গৌরী শিবার্চ্চনং। হরগৌরী স্বসূক্তাভ্যাং তিলহোমং সমাপয়েৎ দানং দদ্যাৎ সুভোজ্যঞ্চ তোয়ং দদ্যাৎ ঘটান্বিতং। সর্ব্বং দ্বাদশকং দদ্যাৎ দক্ষিণাঞ্চ যথাবিধি। ব্রাহ্মণান্ ভোজয়িত্বা তু স্বয়ং ভুঞ্জীত বাগ্‌যতা। ইতি ব্রহ্ম পুরাণোক্তাসর্ব্বজয়া ব্রতকথা সমাপ্তা॥ ওঁ তৎসৎ।

সর্ব্বজয়া ব্যাখ্যা।—কৈলাস পর্ব্বতশিখরে অবস্থানপূর্ব্বক দেবী মহাদেবকে জিজ্ঞাসা করিয়াছিলেন। দেবেশ! কোন্ ব্রত দ্বারা নারী সর্ব্বজয়া হইয়া থাকে, দেবীর এই বাক্য শ্রবণে মহেশ্বর তাঁহাকে বলিলেন, হে দেবি শ্রবণ কর, যে ব্রতদ্বারা নারী সর্ব্বত্র জয় লাভ করেন এবং সর্ব্বাভীষ্ট ও অতুল সুখ

সৌভাগ্য সমাযুক্ত হইয়া বিষ্ণুপদ প্রাপ্ত হইয়া থাকেন। ভগবান বলিলেন, সর্ব্বজয়া নামক একটী উৎকৃষ্ট ব্রত আছে, তদ্দ্বারা ত্রিলোক জয় হয়, হে দেবি। তুমি এই ব্রতানুষ্ঠান ও প্রচার কর; ইহার বিধান শুন; মার্গশীর্ষাদি দ্বাদশ মাসে বিষ্ণুত্বাদি প্রাপ্তির জন্য শাকাদি দ্রব্য ত্যাগ করিতে হয় এবং এই পরিত্যক্ত বস্তু সকল প্রতিমাসে বিপ্র সম্প্রদানক উৎসর্গ করিয়া দান করিবে, (বস্ত্র লোমজ বা চর্ম্মজ বল্কলাদি পরিধান করা ব্যবহার আছে) পূর্ণ বৎসরে সর্ব্বতোভদ্রমণ্ডলে স্বর্ণনির্ম্মিত শিবদুর্গার পূজা পূর্ব্বক ব্রতপ্রতিষ্ঠা করিবে এবং দ্বাদশ দান ও সভোজ্য জলপূর্ণ কুম্ভ দান করিয়া ব্রাহ্মণ ভোজন করাইবে।

উমামহেশ্বর ব্রতম্ *।

যজমান উপবাসী থাকিয়া সায়ং সময়ে স্বস্তিবাচন করিবেন,—কর্ত্তব্যেঽস্মিন্ উমা-মহেশ্বর ব্রত কর্ম্মণি নমঃ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু—ইত্যাদি। স্বস্তি নঃ ইন্দ্রো—ইত্যাদি সামবেদীয়গণ—সোমং রাজানং বরুণমগ্নিমন্বারভামহে আদিত্যং বিষ্ণুং সূর্য্যং ব্রহ্মাণঞ্চ বৃহস্পতিং॥ সূর্য্যঃ সোম—ইত্যাদি মন্ত্র পড়িবে।

* ইহাকে ভৃগুভারতীয় বৈধব্য দোষ শান্তি কারক ব্রত কহে। বালবিধবাগণ এই ব্রত করিয়া থাকেন।

সংকল্প, যথা—বিষ্ণুর্নমোঽদ্যেত্যাদি চতুর্দ্দশ্যাং তিথাবারভ্য অমুক গোত্রা শ্রীঅমুকী দেবী বৈধব্যদোষ সূচিত জন্মান্তরীণ তত্তৎ পাপক্ষয়কামা যথোক্তবিধিনা উমামহেশ্বর ব্রতমহং করিষ্যে। পুরোহিত সংকল্প সূক্ত পড়িবেন।

বরণ। সাধুভবানাস্তাং।—ইত্যাদি। অদ্যেত্যাদি—অমুক গোত্রা শ্রীঅমুকী দেবী মৎসঙ্কল্পিত উমামহেশ্বরব্রতকর্ম্মণি স্বর্ণময়োমামহেশ্বর প্রতিমাধিকরণকোমামহে-শ্বরার্চ্চন-কর্ম্মকরণায় অমুক গোত্রং শ্রীঅমুক দেবশর্ম্মাণ মভ্যর্চ্য ভবন্তমহং বৃণে।

কর্ষত্রয়পরিমিতাং তদর্দ্ধপরিমিতাং কর্ষপরিমিতাং বা শক্ত্যপেক্ষয়া মিলিত উমামহেশ্বর প্রতিমাং স্বর্ণময়ীং নির্ম্মায় রজত বৃষভোপরি সংস্থাপ্য ব্যাঘ্র চর্ম্মণি স্থাপয়েৎ, সর্ব্বনিম্নে প্রচুরং বস্ত্রাসনঞ্চ স্থাপয়েৎ। [গুঞ্জা পঞ্চাদ্যমাষকাতে ষোড়শাক্ষ কর্ষস্ত্রী পলং কর্ষচতুষ্টয়ং। এতেন অশীতি রক্তিকা পরিমিতঃ কর্ষ।]

শুদ্ধকালে উত্তরায়ণে শুক্লপক্ষে চতুর্দ্দশী তিথিতে রাত্রিকালে এই ব্রত করিবে। প্রাচীনেরা কৃষ্ণপক্ষে শিবরাত্রি তিথিতেও এই উমামহেশ্বর ব্রত করিতেন কিন্তু দৈব কার্য্যের সাধারণ কালই শুক্লপক্ষ ইহা অনেকেরই মত।

পূজক বলিবেন,—"ওঁ বৃতোঽস্মি"। "যজমান, যথাবিহিতমর্চ্চনকর্ম্ম কুরু" পূজক—যথাজ্ঞানং করবাণি। এইক্রমে, আচার্য্যকে অর্চ্চনা করিয়া, অদ্যেত্যাদি—অমুক গোত্রা শ্রীঅমুকী দেবী মৎ সঙ্কল্পিত উমামহেশ্বরব্রত কর্ম্মণি তন্ত্রধারক কর্ম্মকরণায অমুক গোত্রং শ্রীঅমুক দেবশর্ম্মাণমভ্যর্চ্চ্য ভবন্তমহং বৃণে। এইক্রমে বরণ করিয়া বাচনিক ভারার্পণ করিবে।

তৎপরে, পূজক সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, ভূতশুদ্ধি মাতৃকান্যাস ও পীঠন্যাসানন্তর হৃৎপদ্মকেশরে, ওঁ বামায়ৈ নমঃ (এইক্রমে) জ্যেষ্ঠায়ৈ, রৌদ্র্যৈ, কাল্যৈ, কলবিকরিণ্যৈ, বলবিকরিণ্যৈ, বলপ্রমথিন্যৈ, সর্ব্বভূতদমন্যৈ, (মধ্যে) মনোন্মন্যৈ, ওঁ নমো ভগবতে সকলগুণাত্ম-শক্তিযুক্তায় অনন্তায় যোগপীঠাত্মনে নমঃ। পরে, "ওঁ" মন্ত্রে প্রাণায়াম করিয়া, ঋষ্যাদি ন্যাস করিবে, যথা,—শিরসি বামদেবায ঋষয়ে নমঃ, মুখে পঙ্‌ক্তি ছন্দসে নমঃ, হৃদি ঈশানায় নমঃ। করন্যাস,—ওঁ অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, নং তর্জ্জনীভ্যাং স্বাহা, মং মধ্যমাভ্যাং বষট্, শিং অনামিকাভ্যাং হুং, বাং কনিষ্ঠাভ্যাং বৌষট্, যং করতল পৃষ্ঠাভ্যাং অস্ত্রায়

ফট্ (ওঁ নমঃ শিবায়, এই ষডক্ষর মন্ত্র দ্বারা) ওঁ হৃদয়ায় নমঃ, পূর্ব্বক্রমে ষড়ঙ্গন্যাস করিবে। মন্ত্র পাঠ দ্বারা ব্যাপক ন্যাস করিবে, যথা—ওঁ নমোঽস্তু স্থানুভূতায় জ্যোতির্লিঙ্গামৃতাত্মনে। চতুর্ম্মূর্ত্তিবপুশ্ছায় ভাসিতাঙ্গায় শম্ভবে ॥

ধ্যায়েন্নিত্যং মহেশং—ইত্যাদি ক্রমে ধ্যান করিয়া, মানস পূজা পূর্ব্বক (শঙ্খব্যতীত) তাম্রাদি পাত্রে অর্ঘ্য স্থাপনানন্তর পীঠপূজা করিয়া পুনর্ব্বার ধ্যান করিবে।

প্রাণপ্রতিষ্ঠা করিয়া আবাহন পূর্ব্বক "ওঁ নমঃ শিবায় নমঃ" মন্ত্রে ষোড়শোপচারে পূজা করিবে, পূজা শেষে পঞ্চবার পুষ্পাঞ্জলি দিবে।

আবরণ পূজা।—এতে গন্ধপুষ্পে ওঁ ঈশানায় নমঃ (এইক্রমে তৎপুরুষায়, অঘোরায় বামদেবায়, সদ্যোজাতায়, নিবৃত্ত্যৈ, সুপ্রতিষ্ঠায়ৈ, বিদ্যায়ৈ, শান্ত্যৈ। ওঁ হৃদয়ায় নমঃ (এই ক্রমে) ষডঙ্গের পূজা করিবে। পরে, পঞ্চোপচারে ওঁ অনবদ্যায় নমঃ, সূক্ষ্মায়, শিবোত্তমায়, একনেত্রায়, একরুদ্রায়, ত্রিমূর্ত্তয়ে শ্রীকণ্ঠায়, শিখণ্ডিনে, উমায়ৈ, চণ্ডেশ্বরায়, নন্দিনে, মহাকালায়, গণেশায় বৃষায়, ভৃঙ্গিরিটয়ে, স্কন্দায়। ইন্দ্রাদিভ্যঃ রুদ্রাদিভ্যঃ।

পরে, গৌরীর পূজা করিবে। প্রাণায়াম পূর্ব্বক ন্যাস যথা,—শিরসি পর্ব্বত ঋষয়ে নমঃ, মুখে গায়ত্রীছন্দসে নমঃ, হৃদি শ্রীগৌর্য্যৈ দেবতায়ৈ নমঃ। হ্রাং হৃদযায নমঃ (এই ক্রমে) ষড়ঙ্গেব পূজা করিবে। গৌরীধ্যান।—ওঁ হেমাভাং বিভ্রতীং দোর্ভির্দ্দর্পণাঞ্জনসাধনে। পাশাঙ্কুশৌ সর্ব্বভূষাং তাং গৌরীং সর্ব্বদা ভজে॥

মানস পূজা পূর্ব্বক শঙ্খে অর্ঘ্য স্থাপন করিয়া, পীঠ পূজা কবিবে, যথা—ওঁ জয়ায়ৈ নমঃ (এই ক্রমে) বিজয়ায়ৈ, অজয়ায়ৈ, অপরাজিতায়ৈ, নিত্যায়ৈ, দোগ্ধ্র্যৈ, অঘোরায়ৈ মঙ্গলায়ৈ, হ্রীং পদ্মাসনায় নমঃ। পুনর্ব্বার ধ্যান পূর্ব্বক প্রতিমার প্রাণপ্রতিষ্ঠা করিয়া আবাহনানন্তব "হ্রীং" গৌর্য্যৈ নমঃ, মন্ত্রে ষোড়শোপচারে পূজা কবিবে।

তৎপরে, আববণ পূজা, যথা,—হ্রাং হৃদয়ায় নমঃ, (এই ক্রমে) ষড়ঙ্গের পূজা করিয়া,—ওঁ সুলভায়ৈ নমঃ, (এই ক্রমে) লতিকায়ৈ, কামিন্যৈ, কামমালিন্যৈ, পাশায়, অঙ্কুশায়, দর্পণায, ওঁ অঞ্জনশলাকায়ৈ নমঃ॥

হোম।

হোতা সগৃহোক্ত ক্রমে বরদ নামক বহ্নিস্থাপন (৮ম ভাগে দেখ) করিয়া,বিরূপাক্ষ জপান্ত কুশণ্ডিকানন্তর প্রকৃত কর্ম্মারম্ভে মহাব্যাহৃতি হোম পুর্ব্বক,—ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্দ্ধনং। উর্ব্বারুকমিব বন্ধনাৎ মৃত্যোর্ম্মুক্ষীয় মামৃতাৎ স্বাহা॥

পুর্ব্বোক্ত মন্ত্রে অষ্টোত্তরসহস্র সংখ্যক সঘৃত বিল্বপত্র দ্বারা শিবের হোম করিয়া, পুর্ব্বোক্ত সংখ্যক বিল্বপত্রদ্বারা গৌরীর হোম করিবে, হোম মন্ত্র যথা,—ওঁ অম্বে অম্বিকে নমানয়তি কশ্চন সসস্ত্যশ্বক্ সুভদ্রিকাং কাম্পীলবাসিনীং স্বাহা।

পরে, উদীচ্য কর্ম্ম সমাপনানন্তর পুজক ও তন্ত্রধারককে দক্ষিণা উৎসর্গ করিয়া দিবে।

পরদিনে প্রাতঃকৃত্য সমাধা করিয়া, যথাশক্তি উপচারে শিব গৌরীর পুজা পুর্ব্বক যজমান দ্বারা প্রতিমা অর্চ্চনা ও উৎসর্গান্তে বিদ্বান্ ব্রাহ্মণকে দিবে যথা,—এতস্মৈ সবস্ত্রায়ৈ ব্যাঘ্র চর্ম্মোপরিস্থিত রাজতবৃষভোপরি ত্রিকর্ষ স্বর্ণনির্ম্মিতোমা মহেশ্বরপ্রতি-মায়ৈ নমঃ—ইত্যাদি। বিষ্ণুর্নমোঽদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুক তিথৌ অমুক

গোত্রা শ্রীঅমুকী দেবী মৎসংকল্পিত উমামহেশ্বর ব্রত কর্ম্মণি স্বাম্যাজ্ঞপ্ত ভজনাভাবাদি জন্য বৈধব্য সূচিত জন্মান্তরীণ তত্তৎ পাপক্ষয়কামা ইমাং সবস্ত্রব্যাঘ্রচর্ম্মোপরিস্থিত রাজতবৃষভোপরি ত্রিকর্ষনির্ম্মিতোমামহেশ্বর প্রতিমাং অর্চ্চিতাং শ্রীবিষ্ণুদেবতাকাং অমুক গোত্রায় শ্রীঅমুক দেবশর্ম্মণে বেদজ্ঞায় ব্রাহ্মণায় অহং দদে।

অদ্যেত্যাদি—মৎ সঙ্কলিত উমামহেশ্বর ব্রত কর্ম্মণি কৃতৈতৎ সবস্ত্র—ইত্যাদি প্রতিমা দান কর্ম্মণঃ সাঙ্গতার্থং দক্ষিণামিদং কাঞ্চনমূল্যং রজতমর্চ্চিতং—ইত্যাদি। অদ্যেত্যাদি মৎ সঙ্কল্পিত উমামহেশ্বর ব্রতকর্ম্মণঃ সাঙ্গতার্থং—ইত্যাদি ক্রমে মূলব্রতের একটা দক্ষিণান্ত করাও আবশ্যক।

অথ কথা। ভৃগুরুবাচ। ইত্যুক্তং তে ময়া রাজন্ কথাযোগং পরিস্ফুটং। কথয়ামি পুনর্ব্রূহি যত্তে মনসি বর্ত্ততে। ভরত উবাচ। বৈধব্যং কেন দোষেণ বাল্যে ভবতি যোষিতাং। শ্রোতুমিচ্ছাম্যহং ব্রহ্মন্ বদ তৎ কারণং স্ফুটং। ভৃগুরুবাচ। পিত্রাজ্ঞয়া বনং রামঃ সীতয়া চ সমং গতঃ॥ আত্রেয়াশ্রমকং প্রাপ্তং পবিত্রং মুনিসেবিতং।

নিবসন্তি সুবিস্তীর্ণা হরিণাশ্চ বিহঙ্গমাঃ। উত্থিতাঃ সর্ব্বসত্ত্বানৈ র্মিলিতা মানবা ইব। এবম্বিধাশ্রমং রম্যং গত্বা রামো মহাভুজঃ। স প্রণম্য মুনিশ্রেষ্ঠমর্চ্চ্যমানস্ত তেন বৈ। প্রশান্তমানসং ভুযঃ পপ্রচ্ছ মুনিসত্তমং। অনসূয়া ঋষের্ভাৰ্য্যা তস্যাভ্যাসং গতা সতী। তত্রোপবিশ্য বৈদেহী প্রণম্যাসনসংস্থিতা। বিধবাং হৈহয়পুত্রীং দৃষ্ট্বা সীতাব্রবীদ্বচঃ। ইয়ং ধন্যা মহাভাগে শ্বেতবস্ত্রা তপস্বিনী। অল্পে বয়সি দুঃখার্ত্তা তন্মে বদ বিচক্ষণে। অনসূয়োবাচ। শৃণু হৈহয বংশে তু শিবরাজ নৃপাত্মজা। স্বকর্ম্মোপ-চিতৈ র্দোষৈর্বাল্যে বৈধব্যতাং গতা। বৈদেহী তদ্বচঃ শ্রুত্বা পুনঃ প্রশ্নমুদাহরৎ। সীতো-বাচ। কিময়ুক্তং কৃতং দেবী যস্যেদং কদনোদয়ং। বিপাকং কর্ম্মণস্তস্য কথয়স্ব মহামতে। অনসূয়োবাচ। পুরা বিপ্রকুলে জাতা সর্ব্বাবয়বসুন্দরী বিরূপং স্বামিনং চৈব দৃষ্ট্বা যৌবনগর্ব্বিতা। দিবা নিন্দতি দুর্ব্বাক্যৈঃ শয্যাং ন ভজতে নিশি। তেন দোষেণ ভো দেবি বৈধব্যমুদপাদি চ। আজ্ঞপ্তা স্বামিনা যা চ স্বামিনং ত্যজতে নিশি। সাপি বৈধ্যমাপ্নোতি দারিদ্র্যং যাবমন্যতে। অস্য দোষস্য পাকোঽয়ং বাল্যে বৈধব্যতাং

গত্বা শ্রুত্বা কষ্টসমাবিষ্টা সীতা বচনমব্রবীৎ। সীতোবাচ। কেনোপায়েন ভো দেবি, বৈধব্যং নহি যোষিতাং। স্বল্প ভাবেন বৈ কাপি তত্ত্বতো বদ সুব্রতে। বৈদহী বচনং শ্রুত্বা সানসূয়া বিচিন্ত্য চ। গত্বা পত্যুঃ সমীপে তং ধর্ম্মজ্ঞং মুনিমব্রবীৎ। অনসূয়োবাচ। একতঃ কদনং সর্ব্বং যোষিদ্বৈধব্যসম্ভবং। কদনন্তু সমং নাথ কষ্টাৎ কষ্টতরং পুনঃ। ইত্যুক্ত্বাশ্রুমুখী দীনা বভাসে স্বামিনং প্রতি। কেনোপায়েন দানেন কৃতকর্ম্মক্ষয়ো ভবেৎ। বৈধব্যং নাপ্নুবন্তীহ স্বকর্ম্মার্জ্জিত দুর্ব্বহং। শ্রুত্বা চ বচনং দীনামাশ্বাস্য মুনিসত্তমঃ। শৃণু দেবী প্রবক্ষ্যামি সাবধানং বচো মম। অত্রিরুবাচ। উমামাহেশ্বরী কার্য্যা প্রতিমা কাঞ্চনী শুভা। ত্রিকর্ষেণ তদর্দ্ধেন কর্ষেণাপি মিতাপি বা (ত্রিকর্ষস্য তদর্দ্ধস্য কর্ষস্যাপি দ্বিতস্য বা)। দ্রব্যশাঠ্যং ন কর্ত্তব্যং সর্ব্বথা ফলমিচ্ছতা। স্থাপয়েৎ শ্বেতবস্ত্রাঢ্যে রাজতে বৃষভে শুভে। ব্যাঘ্রাজিন-সুবিস্তীর্ণে স্থাপ্যা ভার্য্যা চ শ্রদ্ধয়া। সোপবাসেন তত্রাদৌ চতুর্দ্দশ্যাং সমাহিতা। শৈবং সাহস্রিকং হোমং গৌর্য্যা হোমঞ্চ কারয়েৎ। প্রাপ্তে প্রভাতসময়ে স্নাত্বা সংপূজ্য পূর্ব্ববৎ। আহূয় বেদবিদুষে বিপ্রায় শ্রদ্ধয়ান্বিতা। অর্পয়েৎ প্রতিমাং শম্ভোঃ কর্ম্মদোষোপ-

শান্তয়ে। ব্রহ্মণে দক্ষিণাং দত্ত্বা ততঃ পারণমাচরেৎ॥ ইতি লিঙ্গপুরাণে ভৃগু ভরতসংবাদ বৈধব্যকর্ম্মদোষবিপাকঃ॥ ইত্যুমামাহেশ্বর-ব্রতকথা সমাপ্তা॥ * ॥ ওঁ তৎ সৎ॥

উমামাহেশ্বর ব্রতকথা ব্যাখ্যা—ভৃগু কহিলেন হে রাজন! আমার কথিত বাক্যমধ্যে পুনশ্চ কোন্ বিষয় বিস্তার পূর্ব্বক বলিব সেই অভিপ্রায় প্রকাশ করুন; ভরত জিজ্ঞাসা করিয়াছিলেন, হে ব্রহ্মন্! কোন্ কুকর্ম্মফলে নারীদিগের বাল্যবৈধব্যতা সংঘটন হয়, তাহা বিশেষরূপে বলুন; ভৃগু কহিয়াছিলেন, পূর্ব্বে রামচন্দ্র সীতার সহিত বনে যাইয়া মহর্ষি অত্রির আশ্রমে গমন পূর্ব্বক মুনিবরকে প্রণাম করিলে পর সীতা-দেবী ঋষিভার্য্যা অনসূয়ার নিকট যাইয়া অভিবাদন পূর্ব্বক উপবেশন করিয়াছিলেন, সেই স্থলে বালবিধবা শিবরাজনন্দিনীকে দেখিয়া সীতা অনসূয়াকে জিজ্ঞাসা করিয়াছিলেন; হে বিচক্ষণে আপনি বলুন, কি জন্য এই শ্বেতবস্ত্র-পরিধানা দুঃখিনী সর্ব্বাঙ্গসুন্দরী বালিকার বৈধব্যদশা প্রাপ্তি হইয়াছে; অনসূয়া কহিলেন, এই হৈহয়বংশসম্ভূত-শিবরাজকন্যা নিজ কর্ম্ম দোষেই বিধবা হইয়াছেন, পূর্ব্বজন্মে ইনি ব্রাহ্মণগৃহে জন্মিয়া স্বীয় রূপ ও যৌবনের গর্ব্বতা প্রযুক্ত বিকৃত স্বামিকে অশ্রদ্ধা বশতঃ দিবসে নিন্দা করিতেন এবং রাত্রিকালে শয্যাপার্শ্বে স্থান দিতেন না, এই ইহাঁর বিধবা হইবার কারণ! যে নারী নিশিতে স্বামীর আজ্ঞা লঙ্ঘন করে, সে বিধবা হয় এবং যে পতিকে অবজ্ঞা করে সে দরিদ্র হয়। সীতাদেবী মুনিপত্নীর এই সকল বাক্য

শ্রবণে কাতর বচনে কহিলেন, হে দেবি! যে উপায় দ্বারা অবলাগণের এই অতি কষ্টকব বৈধব্য স্বল্লায়াসে খণ্ডন হয়, কৃপা করিয়া তাহা বলুন; বৈদেহীর এই সানুনয় বাক্য শ্রবণ করিয়া, অনসূয়া চিন্তা পূর্ব্বক পতিসকাশে যাইয়া, মুনিবরকে জিজ্ঞাসা কবিয়াছিলেন, সংসারে বৈধব্য যন্ত্রনার ন্যায় কষ্ট নারীদিগের আর নাই, হে নাথ! এই মহৎ দুঃখ নাশের উপায় কি? কোন প্রকার দানের দ্বারা এই দুর্ব্বিষহ বৈধব্য-দোষ খণ্ডন হয়।

প্রিয়তমার এই সকরুণ বাক্য শুনিয়া মুনিপ্রবর আশ্বাস প্রদান পূর্ব্বক বলিয়াছিলেন, হে দেবি! সাবধান হইয়া শ্রবণ কর; বৈধব্য-দোষনাশেব জন্য উমামহেশ্বব ব্রত করিতে হইবে। ইহাতে ত্রিকর্ষ বা দ্বিকর্ষ কিম্বা দেড়কর্ষ পরিমিত স্বুবর্ণদ্বাবা মিলিত উমামহেশ্বরের প্রতিমা নির্ম্মাণ করিতে হইবে। ব্যাঘ্রচর্ম্মের উপরে স্থাপিত শ্বেত বস্ত্র সমূহের আসন তাহার উপর রজত বৃষের স্কন্ধে পূর্ব্বোক্ত প্রতিমা সংস্থাপন পূর্ব্বক বিশেষ-রূপে পূজা করিবে, চতুর্দ্দশীর দিন অহোরাত্রি উপবাস থাকিয়া শিবের এবং গৌরীর মন্ত্রে পৃথক্ পৃথক্ ভাবে সহস্রসংখ্যক হোম করিবে, পবে প্রভাতকালে স্নান পূর্ব্বক পূজা করিয়া, বেদজ্ঞ ব্রাহ্মণকে ঐ স্বর্ণপ্রতিমা দান পূর্ব্বক দক্ষিণান্ত করিয়া পাবণ করিবে।

অথ চতুঃষষ্টিপদ-বাস্তুযাগ প্রয়োগ *।

যজমান নিত্যক্রিয়া সমাধা পূর্ব্বক স্বস্তিবাচন করিবে,—কর্ত্তব্যোঽস্মিন্ বাস্তূপশমন কর্ম্মণি ওঁ পূণ্যাহং ইত্যাদি। সংকল্প।—বিষ্ণুরোম্ তৎসদোমদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা (অমুক দেবগৃহারম্ভে কিম্বা এতৎ জলাশয় প্রতিষ্ঠা কর্ম্মণি) এতদ্বাস্তু সর্ব্বদোষোপশমন কামো বাস্তূপশমনমহং করিষ্যে। সংকল্প সূক্ত দেবো বো—ইত্যাদি পড়িবে।

---

* বাস্তু সংঘটিত প্রায় সকল কার্য্যেই বাস্তুযাগ আছে। মনুষ্য বাসনিমিত্তক গৃহে একাশীতি পদ বাস্তু-যাগ (একাশীতি পদ প্রয়োগ শেষে দেখ) পুষ্করিণী বা দেবপ্রতিষ্ঠাদিতে অগ্রে প্রতিষ্ঠার সংকল্প, পরে বাস্তুযাগের তৎপরে বৃদ্ধিশ্রাদ্ধের সংকল্প করিবে। স্ত্রীলোক যজমান হইলে বৃদ্ধিশ্রাদ্ধ নাই।

প্রতিষ্ঠাকার্য্য মাত্রেই দ্বাদশ দানের প্রয়োজন যথা, ভবিষ্যে—বাপীকূপ তড়াগাদি প্রতিষ্ঠানি গৃহাদিষু। দদ্যাৎ দ্বাদশ দানানি যথা বিভবমাত্মনঃ ॥

তৎপরে, অদ্যেত্যাদি—অমুক কর্ম্মাভ্যুদয়ার্থং * গৌর্য্যাদি ষোড়শ মাতৃকাপূজা-বসোর্ধারাসম্পাতনায়ুষ্যসূক্তজপাভ্যুদয়িকশ্রাদ্ধান্যহং করিষ্যে।

বরণ।—ওঁ সাধু ভবানাস্তাং, ওঁ সাধ্বহমাসে (প্রতিবাক্য)। ওঁ অর্চ্চয়িষ্যামো ভবন্তং ওঁ অর্চ্চয়। অদ্যেতাদি অমুক দেবগৃহারম্ভে এতদ্বাস্তূপশমন-কর্ম্মণি ব্রহ্ম কর্ম্ম-করণায় অমুক গোত্রং শ্রীঅমুক দেবশর্ম্মাণ-মভ্যর্চ্চ্য ভবন্তমহং বৃণে। ওঁ বৃতোঽস্মি। এই ক্রমে হোতা তন্ত্রধার, ও সদস্য বরণ করিবে।

পরে, হোতা পৃথক্ পৃথক্ মন্ত্রে পঞ্চগব্য শোধন করিবেন (প্র ১১৩ পৃষ্ঠা) পঞ্চগব্যে কুশোদক প্রদান মন্ত্র।—ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনো র্বাহুভ্যাং পুষ্ণো হস্তাভ্যাং হস্তমাদদে সকল দ্রব্য একত্র করিয়া, গায়ত্রী পাঠ পূর্ব্বক বেদীভূমিতে সেচন করিবেন।

---

* দেবপ্রতিষ্ঠায় এতদ্বাস্তূপশমন-দেবপ্রতিষ্ঠা-মঠপ্রতিষ্ঠাকর্ম্মাভ্যুদয়ার্থং ইত্যাদি ক্রমে সকল প্রধান কর্ম্মেরই উল্লেখ করিবে।

ষষ্টিকাধান্য, হৈমন্তিক ধান্য, মুদ্গ, গোধুম, শ্বেতসর্ষপ, তিল ও যবমিশ্রিত জলদ্বারা পুনশ্চ ভূমি অভিষেচন করিবে।

বেদীর পূর্ব্বাংশে মণ্ডল করিবার স্থানে ঈশাণকোণ হইতে মণ্ডলের চতুষ্কোণে খদিরের শঙ্কু (খোঁটা) চারিটি ক্রমশঃ পুতিবে, মন্ত্র যথা,—ওঁ বিশন্তু তে তলে নাগালোকপালাশ্চ কামগাঃ। অস্মিন্ প্রাসাদে তিষ্ঠন্তু আয়ুর্ব্বলকরাঃ সদা॥ মাষভক্ত বলি প্রদান মন্ত্র,—ওঁ অগ্নিভ্যোঽপ্যথ সর্পেভ্যো যে চান্যে তৎ সমাশ্রিতাঃ। তেভ্যো বলিং প্রযচ্ছামি পুণ্যমোদনমুত্তমং॥ শঙ্কু চতুষ্টয় মধ্যে মণ্ডল করিবে। মণ্ডলের কোণ চতুষ্টয়ে বস্ত্র মাল্য সমন্বিত কলস চতুষ্টয় সংস্থাপন এবং মধ্যে ব্রহ্মঘট স্থাপন পূর্ব্বক পার্শ্বের ঘটে নবগ্রহের পূজা করিবে। পূর্ব্বাদি দিকে মাষভক্ত বলি দিবে, মন্ত্র—ওঁ ভূতানি রাক্ষসা বাপি যেঽত্র তিষ্ঠন্তি কেচন। তে গৃহ্নন্তু বলিং সর্ব্বে বাস্তু গৃহ্নাম্যহং পুনঃ॥ পরে,

* ষষ্টিকা। ঝুজি বা জলি ধান্য, যাহা শরৎকালে ষাইটদিনে পাকে।

সামান্যার্ঘ্য ও ন্যাসাদি যথাশক্তি করিবে। তৎপরে, মণ্ডলে ঈশাদি পঞ্চচত্বারিংশৎ দেবতার এবং মণ্ডল পার্শ্বে স্কন্দাদি অষ্টদেবতার সংস্থাপন চিন্তা করিবে।

পরে, ঈশ ইহাগচ্ছাগচ্ছ ইহ তিষ্ঠ তিষ্ঠ অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ। আবাহন পূর্ব্বক, এতৎ পাদ্যং ওঁ ঈশায় নমঃ ইত্যাদিক্রমে দশোপচারে বা পঞ্চোপচারে যথাশক্তি পূজা করিবে, (পূর্ব্বক্রমে) পর্জ্জন্যায়। জয়ন্তায়। শক্রায়। ভাস্করায়, সত্যায়। ভৃশায়। ব্যোম্নে। অগ্নয়ে। পূষ্ণে। বিতথায়। গৃহক্ষতায়। যমায়। গন্ধর্ব্বায়। ভৃঙ্গায়। মৃগায়। পিতৃভ্যঃ। দৌবারিকায়। সুগ্রীবায়। পুষ্পদন্তায়। বরুণায়। অসুরায়। শেষায়। পাপায়। রোগায়। নাগায। বিশ্বকর্ম্মণে। ভল্লাটায। যজ্ঞেশ্বরায়। নাগরাজায়। শ্রিয়ৈ। দিত্যৈ। আপায। আপবৎসায। অর্য্যম্নে (সাবিত্রায়) সাবিত্র্যৈ। বিবস্বতে। ইন্দ্রায়। ইন্দ্রাত্মজায়। মিত্রায। রুদ্রায। রাজযক্ষ্মণে। ধরাধরায ॥ ৪৪ ॥ ব্রহ্মণে। স্কন্দায়। বিদার্য্যৈ। অর্য্যম্নে। পূতনায়ৈ জম্ভকায। পাপরাক্ষস্যৈ। পিলিপিঞ্জায় চরক্যৈ ॥ ৫৩ ॥

বিশেষ পূজা।—মণ্ডল মধ্যস্থলে ব্রহ্মঘটে পশ্চাল্লিখিত দেবতাদিগের আবাহন

করিয়া ষোড়শোপচারে পূজা করিবে। আবাহন পূর্ব্বক, ওঁ বাসুদেবায় নমঃ (এইক্রমে) (ওঁ লক্ষ্ম্যৈ নমঃ) ওঁ বাসুদেবগণেভ্যো নমঃ। পৃথিবীর ধ্যান,—সর্ব্বলোকধরাং প্রমদা-রূপাং দিব্যাভরণভূষিতাং ধরাং পৃথিবীং ॥ ওঁ ধরায়ৈ নমঃ। সর্ব্বদেবময়হরয়ে নমঃ। ওঁ বাস্তুপুরুষায় নমঃ। তৎপরে, ব্রহ্মঘটে আতপ তণ্ডুল দিয়া, কুম্ভমধ্যে বিশুদ্ধ জল; স্বর্ণ রৌপ্য এবং পূর্ব্বোক্ত ষষ্টিকা ধান্যাদির বীজ নিঃক্ষেপ করিয়া, কুম্ভমুখে প্রলম্বিত রক্ত সূত্র সহিত বর্দ্ধনী (বদনা) স্থাপন করিবে। এই কুম্ভে চতুর্ম্মুখ দেবতাকে আবাহন পূর্ব্বক বিশেষরূপে পূজা করিবে।

পরে, পঞ্চ কুম্ভের পূর্ব্বোত্তর ভাগে (ঈশান কোণে) দধ্যক্ষত, বিভুষিত শান্তিকলস স্থাপন করিবে, ঐ কলসের মুখে আম্র, অশ্বত্থ, বট, পাকুড় ও যজ্ঞডুম্বুর এই পঞ্চপল্লব এবং বস্ত্র দিয়া, তাহার উপর নবশরাবে ধান্য ও ফল রাখিবে এবং কুম্ভমধ্যে পঞ্চরত্ন প্রক্ষেপ করিবে। কলস স্থাপন মন্ত্র যথা,—ওঁ আজিঘ্রং কলসং মহ ত্বা বিশন্ত্বিন্দবঃ পুনরূর্জ্জা নিবর্ত্তস্ব সানঃ সহস্রং ধুক্ষোরুধারা পয়স্বতী পুনর্ম্মা বিশতাদ্রয়ি। ১। পশ্চাল্লি-

খিত মন্ত্র দুইটি পড়িয়া, বরুণদেব এবং তীর্থ সকলকে কুম্ভে আরোপ করিবে, যথা —ও, বরুণস্যোত্তম্ভনমসি বরুণস্য স্কম্ভসর্জ্জনীস্থঃ। বরুণস্য ঋত সদন্যসি বরুণস্য ঋতসদ-

---

আজিঘ্রং।—হে মহি পৃথি, ত্বং ইমং কলসং আসম্যক্ প্রকারেণ স্বীকুরু অধিতিষ্ঠেত্যর্থঃ। ইন্দবঃ বসাশ্চ ত্বা ত্বামাবিশন্তু সা ত্বং নোঽস্মান্ উর্জ্জা বলেন পুনর্নিবর্ত্তস্ব যোজয়েতি যাবৎ এবঞ্চ পযস্বতীভূত্বা উরুধাবাঃ সহস্রং ধুক্ষ, দুহ, যদ্বা উরধাবাভিঃ পযস্বতী ত্বং সহস্রং ধুক্ষ পুবয়। মা মাং পুনঃ রয়ি ধনং আবিশতাং প্রবিশন্তু ইত্যাশীঃ ধাবা পয়স্বতীভট্টাঃ তন্মতে ধাবা পয়যুক্তেত্যেকং ইন্দব ইনোলুক্ ছান্দসঃ॥ ১॥

বরুণস্যোত্তম্ভন—হে বরুণস্কম্ভ সর্জ্জনীস্থ উ সম্বোধনে তথা সন্ধিঃ। হে বাবে ত্বং বরুণস্য উত্তম্ভনমসি আধারকোঽসি অতস্তস্য ঋত সদনীং বেদবিষয়ং ঘটমাসীদ অধিষ্ঠানং কুর্ব্বিত্যর্থঃ। অস্য ঋত সদনী বেদধানী ত্বমসি তথা ঋত সদং সত্যগৃহঞ্চ ত্বমসীতি। ২। গঙ্গাদ্যাঃ সর্ব্বাঃ সবিতো নদ্যঃ তথা হে সমুদ্রাঃ সাগবাঃ হে সরাংসি অকৃত্রিমাল্প জলাশয়। তথা হে নদাঃ ব্রহ্মপুত্রাদয়ঃ হে হ্রদাঃ

নমসি বরুণস্য ঋতসদনীমাসীদ। ২। ওঁ গঙ্গাদ্যাঃ সরিতঃ সর্ব্বাঃ সমুদ্রাশ্চ সরাংসি চ সর্ব্বে সমুদ্রাঃ সরিতঃ সরাংসি জলদা নদাঃ। আয়ান্তু যজমানস্য দুরিতঃ ক্ষয়কারকাঃ ॥৩

অশ্বস্থান, গজস্থান, বল্মীক, নদীসঙ্গম, হ্রদ, গোকুল, রথ্য (চত্বর বা উঠান) এই সপ্তস্থানের আহৃত সপ্ত মৃত্তিকা ঐ কুম্ভমধ্যে প্রক্ষেপ করিবে ॥

হোম। *

তৎপরে, মণ্ডলের পশ্চিমে হোতার সম্মুখে হস্তপ্রমাণ স্থণ্ডিল করিয়া, বিরুপাক্ষ

---

* বাস্তুযাগ প্রয়োগে 'প্রজাপতি' নামক অগ্নিস্থাপন লিখিয়াছেন।

চতুষষ্টিপদ, বাস্তুযাগে ঈশাদি (লক্ষ্মী ব্যতীত) অষ্টপঞ্চাশৎ দেবতার প্রত্যেকের দশ দশ এবং ব্রহ্মার একশত এবং অপর কার্য্যার্থ কিঞ্চিৎ, সাকূল্যে সপ্ত শত সমিধ প্রয়োজন।

ইন্দ্রদ্যুম্নাদয়ঃ সর্ব্বে যথার্থনামানো যজমানস্য পাপনাশকা ভূত্বা আয়ান্তু ঘটেঽধিষ্ঠিতারো ভবান্তু ত্বর্থঃ সর্ব্বে ভবন্তঃ। নামান্যাহ সমুৎবাচীতি কঃ কৃষ্ণা ইতি সরতীতি সরঃ বাবগতিমিতঃ স্বচ্ছগমাঃ রসযুক্তানি চ অত্র সর্ব্বে সামান্য বিশেষণত্বেঽপি ন ক্লীবত্বং ছান্দসাৎ বাহুল্যাদ্ বা ইতি হলায়ুধঃ ॥ ৩ ॥

জপান্ত কুশণ্ডিকা (ব্রতমালা প্রঃ ৬ পৃষ্ঠায় ও ৮ম ভাগে দেখ) করিবে। পরে, প্রকৃত কর্ম্মারম্ভে সমিধ অগ্নিতে দিয়া ; মধুমিশ্রিত ঘৃত দ্বারা, মহাব্যাহৃতি হোম করিবে, যথা,—প্রজাপতি ঋর্ষির্গায়ত্রী ছন্দোঽগ্নির্দেবতা মহাব্যাহৃতি হোমে বিনিয়োগঃ। ওঁ ভূঃ স্বাহা। প্রজাপতির্ঋর্ষিরুষ্ণিক্ ছন্দো বায়ুর্দেবতা মহাব্যাহৃতি হোমে বিনিয়োগঃ। ওঁ ভুবঃ স্বাহা। প্রজাপতির্ঋর্ষি-রনুষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যোদেবতা মহাব্যাহৃতি হোমে বিনি-য়োগঃ ওঁ স্বঃ স্বাহা ॥ ৪ ॥

পরে, সঘৃত তিল যব কিম্বা যজ্ঞডুম্বুরের সমিধ দ্বারা পূর্ব্বোক্ত ঈশাদি ধরাধর পর্য্যন্ত চতুশ্চত্বারিংশৎ পূজিত দেবতাদিগের প্রত্যেকে 'ওঁ ঈশায় স্বাহা' এই ক্রমে দশ দশ আহুতি দিয়া, হোম করিবে। 'ওঁ ব্রহ্মণে স্বাহা' এই মন্ত্রে একশত আহুতি দিবে। পুনশ্চ পূর্ব্বক্রমে স্কন্দাদি চরকী পর্য্যন্ত অষ্টদেবতার এবং তৎপরে, পূজিত বাসুদেবাদি (লক্ষ্মী ভিন্ন) চতুর্ম্মুখান্ত ষড়্‌দেবতার প্রত্যেককে দশ দশ আহুতি দ্বারা হোম করিবে।

বিল্বপঞ্চক হোম।

ঘৃত মধু ম্রক্ষিত বিল্বফল পাঁচটি দ্বারা ক্রমশঃ হোম করিবে। মন্ত্র যথা, ও বাস্তো-ষ্পতয়ে ইতি ঋক্ পঞ্চকস্য বিশ্বামিত্র ঋষি রতিজগতীছন্দো বায়ুর্দেবতা বাস্তুপ্রীতয়ে বিল্বপঞ্চক হোমে বিনিয়োগঃ। ওঁ বাস্তোষ্পতে প্রতিজানীহ্যস্মান্ সুপ্রবেশো হ্যনমীরো ভবা নঃ। যত্তে মহে প্রতিতন্নো জুষস্ব শন্নো ভব দ্বিপদে শং চতুষ্পদে স্বাহা। ১।

হে বাস্তোষ্পতে ইন্দ্র নোঽস্মান্ প্রতিজানাহি জুহ্বতোঽস্মান্ বুধস্ব বাস্তুগৃহং বসন্তন্ তস্য পতি-বাস্তোষ্পতিঃ বিভাষা ষ্পৃশে দ্যোতি” ষষ্ঠ্যা অলুক্ স ত্বঞ্চ শোভনপ্রবেশো নোঽস্মাকং ভবা ছন্দসো দীর্ঘঃ। অনমীরশ্চ ভব, ন বিদ্যতে অমীবো বোগো যত্র তব প্রবেশেন বাসোঽনমীর, কিঞ্চ যত্তে তব মহে উৎসবে পূজাদিকং কর্ম্ম তন্নোঽস্মাকং প্রতিযুষস্ব প্রতীচ্ছ ব্যবহিতেন প্রতিনা সম্বন্ধঃ। এবঞ্চ প্রণেতত্বং নোঽস্মাকং সম্বন্ধিনি দ্বিপদে চতুষ্পদে চ শং কল্যাণরূপো ভব। শমিতি পদদ্বয়ং দ্বিপদেশং ভব চতুষ্পদে শং ভব ইত্যাদি যোজ্যং। ১।

ওঁ বাস্তোষ্পতে প্রতরণো ন এধি গয়স্ফা নো গোভিরশ্বেভিরিন্দ্রো। অজরাস-স্তে সখ্যে স্যাম পিতেব পুত্রান্ প্রতিতন্নো জুষস্ব স্বাহা। ২। ওঁ বাস্তোষ্পতে সগ্ময়া

হে বাস্তোষ্পতে নো অস্মাকং প্রতরণো সাধকতমো ভবেত্যর্থঃ তথা গোভি-র্গোধনৈঃ অশ্বৈ-স্তুরগৈঃ করণভূতৈ-র্নোঽস্মাকং গয়স্ফা এধি গোত্রাণাং বর্দ্ধকো ভব। গয়ঃ কপি বিশেষে স্যাৎ গয়ো গোত্রং গয়োঽস্বুরঃ ইতি শব্দার্ণবঃ। গয়স্য স্ফা বৃদ্ধি-র্যস্মাত্তথা ভবেত্যর্থঃ স্ফায়ী বৃদ্ধৌ ভাবে ক্বিপ্ যলোপঃ। হে সখে সহায় তে ত্বত্তঃ অজরাসঃ জরা রহিতাঃ স্যাম ভবেম ইত্যর্থঃ জরা শব্দ স্যাত্যাদি প্রয়োগেচেতি নঞো জরসাদেশে দীর্ঘশ্ছান্দস ইতি গুরবঃ। বয়ন্তু হে বাস্তোষ্পতে অস্মাকং প্রতরণো ভব তথা গোভিরশ্বৈশ্চ নোঽস্মান্ ইন্দ্র প্রীণয় উ সম্বোধনে ভুবাদেরসমাপ্তাদি প্রীতি দান স্নেহনেষ্বিতি স্নিগ্ধান্ কুরু বা তথা তব প্রসাদাদ্বয়মজরসাঃ স্যাম। কিঞ্চ গয়স্ফাঃ গোত্র বর্দ্ধকাঃ স্যাম। তথাঽস্মান প্রতিজুষস্ব প্রতিপ্রীণয় প্রতিপালয়েতি যাবৎ ক ইব পিতা পুত্রানিব যথা পিতা পুত্রান্ পালয়তি তদ্বৎ এধীতি সাধিতং ভবাং অসতীতি অস-গতি দীপ্ত্যাদানেষ্বিত্যস্মাৎ ক্বিপ্ ততো নঞ সমাসঃ সখে ইত্যনেন ত্বং সহায় ভবেম ইতি বাক্যার্থঃ॥ ২॥

[°ব্রঃ দ্বি— ৫]

শং [সং] যা তে সমিক্ষীম হিরণ্যয়া গাতুমত্যা ॥ পাহি ক্ষেয় মুতয়ো গে বরং যুবং (য়ং) পতিস্বস্তিভিঃ সদা নঃ স্বাহা ॥ ৩ ॥ ওঁ অমী [ব] রহা বাস্তোষ্পতে বিশ্বা-

---

হে বাস্তোষ্পতে সগ্ময়া সুনৃতয়া বাণ্যা তে তব সম্বন্ধে সমিক্ষীম আসম্যক্ ত্বমঃ প্রার্থয়ামোব। সগ্মা তু সুনৃতা বাণী পরুষং নিষ্ঠুরা তু যা ইতি কোষাৎ। কীদৃশ্যা হিরণ্যয়া হেতুভূতয়া কিঞ্চ গাতুমত্যা গাতুর্গানং তদ্‌যুক্তয়া সত্যেন স্বরূপয়া অপি চ ঋতয়া। হে শং য কল্যাণযুক্ত নোঽস্মাকং পতিস্বর্স্তিভিঃ স্বামিকল্যাণৈঃ সহ ক্ষেয়ং বাসতেয়ং অসম্যগ্‌া পাহি রক্ষ উ সম্বোধনে কীদৃশং গচ্ছতীতি গমের্ডঃ ইতি ডে গঃ গে জ্ঞানিবিষয়ে বরযুবং বরযোগ যোগ্যং সমিক্ষীমেতি ছন্দসি আঙঃ সম্যগর্থে সংপূর্ব্ভি বম্বার্থং শংযেতি অহংযু কংয়্বেতি সূত্রেণ নিপাতিতং বরংযু কটপ্রুবৎ নিপাতিতং। সগ্ময়া সং দস্যামিতি গৌড়াঃ তন্মতে গমনং গ্মভাবে ক্বিপি বাহুল্যান্মলোপাভাবে গমহনেত্যাকার লোপঃ ততঃ সহার্থ সমাস সংজ্ঞানীত্যর্থঃ তেষাং শ্রেষ্ঠতা ইত্যর্থ ইয়মু প্রত্যয়স্যাদি লোপঃ একাচস্বাড়িলোপাভাবঃ ত্বং সর্ব্বজ্ঞং ত্বাং ত্বম ইতি বাক্যার্থঃ মুমভাবশ্ছান্দসঃ যাতে জ্ঞানায় গমনায় লাভায় বা ইতি গদিতং। ৩।

অমী (ব) রহা—হে বাস্তোষ্পতে ত্বং নোঽস্মাকং সখা এধি সহায়ো ভবেত্যর্থঃ দৃষ্টান্তমাহ

ন্নপাণ্যাবিশন্ সখা স্বসেব এধি নঃ স্বাহা। ৪। ওঁ বাস্তোষ্পতে ধ্রুবাস্থূনাং সত্রং সৌম্যানাং ॥ দ্রপ্সো ভেত্তা পুরাং শাশ্বতীনামিন্দ্রো মুনীনাং সখা স্বাহা। ৫।

স্বসেব ভগিনীব বস্তুতো যথা ভগিনী ভ্রাত্রভ্যুদয়ে সাহায্যমিচ্ছতি ভ্রাত্রাদয়ো ন তথা স্বাংশার্হত্বেন বিবদমানত্বাৎ কিং কুর্ব্বন্ বিশ্বরূপাণি অবিশন্ সমস্তমূর্ত্তিষু অধিষ্ঠানং কুর্ব্বন্নিত্যর্থঃ ববং যে কেচনারূপা ভবাম স্তত্রৈবাধিষ্ঠাতারেতি ভাবঃ তদুক্তং সারাধিতাশ্চেকত্র সর্ব্বজন্মস্বমুগৃহ্নন্তি দেবাঃ ইতি শ্রুতৌ ত্বং কীদৃশং অমীর (ব) হা অমীরো ব্যাধি স্তং হন্তীতী ক্বিপ্ ব্যাধিনাশক ইত্যর্থ); ৪। বাস্তোষ্পতে— হে বাস্তোষ্পতে উ ভো ইন্দ্র উনাং ক্ষীণানাং যাজকানাং ধ্রুবা স্রুগ্বিশেষো ভবতু তথা সত্রং যাগোহস্তু সৌম্যানাং শোভনানাং দ্রপ্সং দধি ভবতু আমিক্ষীয়ার্থমিত্যর্থঃ তথা শাশ্বতীনাং পুরাং শত্রুসম্বন্ধি পুরীণাং ভেত্তা ভেদকোহস্তু তথা সখা সহায়োঽস্তু ধ্রুবা জুহূরিত্যর্থঃ যদ্বা ইন্দ্র মুনীনাং সখা সহায়োহস্তু কীদৃশঃ দ্রপ্সবান্ তে দয়া হুত ইত্যর্থঃ ক ইব শাশ্বতীনাং নিত্যানাং পুরা ভেত্তা ইব শিববদিত্যর্থঃ পুবাং ভেত্তেতি কর্ম্মণি ষষ্ঠী উণামিতি ছান্দসত্বাদামোনামাদেশাভাবঃ বসন্ত্যত্রেতি বসেস্তুন বাস্তু গৃহং তস্য পতিঃ ষষ্ঠ্যাঽলুক্। ৫।

তৎপরে, "ওঁ অগ্নয়ে স্বিষ্টিকৃতে স্বাহা" ঘৃত দ্বারা হোম করিবে, পরে, পূর্ব্ববৎ মহাব্যাহৃতি হোম পর্য্যন্ত প্রকৃত কর্ম্ম সমাপন পূর্ব্বক উদীচ্যকর্ম্ম করিবে, [ব্রতমালা প্রথম ভাগ ২৬ পৃষ্ঠা কিম্বা হিন্দুসৎকর্ম্মমালা ৮ম ভাগ ৬২ পৃষ্ঠা দেখ]।

তৎপরে, কদলী পত্রাদিতে ৫৩ ত্রিপঞ্চাশৎভাগ পায়স বিভাগ পূর্ব্বক জলের ছিটা দ্বারা,—এষ পায়স বলি ওঁ ঈশায় নমঃ—ইত্যাদি ক্রমে চরকী পর্য্যন্ত পূজিত দেবতাদিগকে পায়স নিবেদন করিয়া দিবে।

পরে, আচার্য্য পূর্ব্বমুখে উপবিষ্ট সপরিবার যজমানকে শান্তিকলসস্থিত জল দ্বারা অভিষেক করিবে, মন্ত্র যথা,—

ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু ব্রহ্মবিষ্ণু মহেশ্বরাঃ, বাসুদেবো জগন্নাথস্তথা শঙ্কর্ষণঃ প্রভুঃ প্রদ্যুম্নশ্চানিরুদ্ধশ্চ ভবন্তু বিজয়ায় তে। অখণ্ডলোহগ্নির্ভগবান্ যমো বৈ নৈঋর্তস্তথা, বরুণঃ পবনশ্চৈব ধনাধ্যক্ষস্তথা শিবঃ। ব্রহ্মণা সহিতঃ শেষো দিক্‌পালাঃ পান্তু তে সদা। কীর্ত্তি-র্লক্ষ্মীর্ধৃতির্মেধা পুষ্টিঃ শ্রদ্ধা ক্ষমা মতিঃ, বুদ্ধির্লজ্জা বপুঃশান্তি স্তুষ্টিঃ কান্তিশ্চ মাতরঃ।

এতাস্ত্বামভিষিঞ্চন্তু দেবপত্ন্যঃ সমাগতাঃ। আদিত্যশ্চন্দ্রমা ভৌমো বুধজীবসিতার্কজাঃ। গ্রহাস্ত্বামভিষিঞ্চন্তু রাহু কেতুশ্চ তর্পিতাঃ। ঋষয়ো মুনয়ো গাবো দেবমাতর এব চ, দেবপত্ন্যো দ্রুমানাগা দৈত্যাশ্চাপ্সরসাং গণাঃ অস্ত্রানি সর্ব্বশস্ত্রাণি রাজানো বাহনানি চ। ঔষধানি চ রত্নানি কালস্যাবয়বাশ্চ যে, সরিতঃ সাগরাঃ শৈলাস্তীর্থানি জলদা নদাঃ। দেবদানবগন্ধর্ব্বা যক্ষরাক্ষসপন্নগাঃ, এতে ত্বামভিষিঞ্চন্তু সর্ব্ব (দ্ধ্য) কামার্থসিদ্ধয়ে।

পরে, ককরী (বদনার) সূত্রসংযুক্ত নলদ্বারা জল ধারা দিয়া (মণ্ডলের অগ্নিকোণে কিম্বা) বাস্তুর অর্থাৎ গৃহ বা পুষ্করিণীর অগ্নিকোণে হস্তপ্রমাণ (স্থণ্ডিলের ন্যায়) স্থানে চারি অঙ্গুলি মৃত্তিকা খনন করিয়া খাত করিবে, ঐ খাত গোময়লেপন দ্বারা শোধন করিবে। তৎপরে আচার্য্য পূর্ব্বাস্য হইয়া উপবেশন করিয়া, চতুর্মুখ ব্রহ্মাকে চিন্তানন্তর বাদ্যধ্বনি পূর্ব্বক বাস্তুমণ্ডল হইতে ব্রহ্ম ঘট উত্তোলন করিয়া খাত সমীপে আনিবে, উত্থানমন্ত্র যথা,—ওঁ উত্তিষ্ঠ ব্রহ্মণস্পতে দেবযজস্তস্তে হবামহে উপপ্রয়ান্তু মরুতঃ সুদানব ইন্দ্র প্রাশুর্ভবা সচা॥

জানু পাতিয়া কুম্ভ সমীপে উপবেশন করিবে, ঘট মধ্যে জল এবং বরুণের উদ্দেশে অর্ঘ্য প্রদান করিবে, মন্ত্র যথা,— ওঁ আয়াহি ভগবন্ দেব তোয়মূর্ত্তে জলেশ্বর। গৃহাণার্ঘ্যং ময়া দত্তং পরিতোষায় তে নমঃ॥ ওঁ নমো বরুণায় পরে, ককরীর জলদ্বারা এবং অন্য জল দ্বারা ও ব্রহ্মঘটের জলদ্বারা খাত পূরণ করিয়া, 'ওঁ' মন্ত্রে শুক্ল পুষ্প নিঃক্ষেপ করিবে (এই পুষ্প দক্ষিণাবর্ত্তে শুভ বামাবর্ত্তে অশুভ) পরে একখানি নূতন পবিষ্কৃত ইষ্টক লইয়া,— ওঁ ইষ্টকে ত্বং প্রযচ্ছেষ্টং প্রতিষ্ঠাং কারয়াম্যহং। দেশস্বামি পুরস্বামি গৃহস্বামি পরিগ্রহে। মনুষ্যধন হস্ত্যশ্ব পশুবৃদ্ধিকরী ভব॥ ওঁ যথাচলোগিরির্মেরুর্হিমবাংশ্চ যথাচলঃ॥ তথা ত্বমচলো ভূত্বা তিষ্ঠ চাত্র শুভায় মে॥ এই মন্ত্র পড়িয়া, ইষ্টক খাতমধ্যে স্থাপন করিয়া, ঐ খাতে পঞ্চরত্ন দধ্যোদন এবং শালি ও ষষ্ঠিকা ধান্য, মুদ্গ, গোধুম, সর্ষপ, তিল, যব নিক্ষেপ করিয়া শুদ্ধ মৃত্তিকা দ্বারা খাত পূরণ করিবে।

আচার্য্য বাস্তুমণ্ডলে পূজিত দেবতাদিগকে জলদ্বারা বিসর্জ্জন করিবেন, মন্ত্র যথা,— ওঁ যান্তু দেবগণাঃ সর্ব্বে পূজামাদায় যাজ্ঞিকাৎ। ইষ্টকাম প্রাসদ্ধ্যর্থং পুনরাগমনায় চ॥

ওঁ ক্ষমধ্বং। পরে, দক্ষিণান্ত করিবে,—অদ্যেত্যাদি কৃতৈতৎ অমুকবাস্তুপশমনকর্ম্মণঃ প্রতিষ্ঠার্থং দক্ষিণাং তৎ কাঞ্চনমূল্যং শ্রীবিষ্ণু দৈবতং অমুক গোত্রায় অমুক দেবশর্ম্মণে আচার্য্যায় তুভ্যমহং সম্প্রদদানি। পূর্ব্বোক্তক্রমে তন্ত্রধারক প্রভৃতিকেও দক্ষিণা দিবে। তৎপরে, সর্ব্বৌষধি জলদ্বারা যজমানের মস্তক অভিষিঞ্চন করিবে। ইতি চতুঃষষ্টিপদ বাস্তুযাগপ্রয়োগঃ সমাপ্তঃ॥

অথ একাশীতিপদ বাস্তুযাগঃ প্রয়োগঃ।

নিত্যক্রিয়া সমাধা পূর্ব্বক,—কর্ত্তব্যেঽস্মিন্ বাস্তুপশমন কর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু—ইত্যাদি স্বস্তিবাচন (৪০ পৃষ্ঠা) হইতে—মণ্ডল করিবার স্থানে খদির শঙ্কু চতুষ্টয় আরোপণ পূর্ব্বক ওঁ অগ্নিভো—ইত্যাদি মন্ত্রে মাষভক্ত বলিদান পর্য্যন্ত কার্য্য (৪২ পৃষ্ঠা) সমাধা করিবে। তৎপরে, একাশীতিপদ বাস্তুমণ্ডল অঙ্কিত করিয়া, মণ্ডল বহির্ভাগে মাষ-ভক্ত বলি দিবে, মন্ত্রযথা,—ওঁ ভূতানি রাক্ষসা বাপি যেঽত্র তিষ্ঠন্তি কেচন তে গৃহ্নন্তু বলিং সর্ব্বে বাস্তুগৃহ্নাম্যহং পুনঃ॥

দূর্ব্বাক্ষত দ্বারা শিখিন্নিহাগচ্ছাগচ্ছ—ইত্যাদি (প্রত্যেকে কিম্বা শিখিনাদয ইহাগচ্ছতা-

গচ্ছন্ত—ইত্যাদি) ক্রমে আবাহন করিয়া, এতৎপাদ্যং ওঁ শিখিনে নমঃ (এই ক্রমে) পশ্চালিখিত দেবতাদিগের পূজা করিবে। পর্জ্জন্যায় জয়ন্তায়। কুলিশায়ুধায়। সূর্য্যায়। সত্যায়। ভৃশায়। আকাশায়। বায়বে। পূষ্ণে। বিতথায়। গৃহক্ষতায়। যমায়। গন্ধর্ব্বায়। ভৃঙ্গরাজায়। মৃগায়। পিতৃভ্যঃ। দৌবারিকায়। সুগ্রীবায়। পুষ্পদন্তায়। বরুণায়। অসুরায়। শোষায়। পাপায়। অহয়ে। মুখ্যায়। ভল্লাটায়। সোমায়। সর্পায়। অদিত্যৈ। দিত্যৈ। আপায়। সাবিত্রায়। জয়ায়। রুদ্রায়। অর্য্যম্ণে। সাবিত্রে। বিবস্বতে। বিবুধাধিপায়। মিত্রায়। রাজযক্ষ্মণে। পৃথিধরায়। আপবৎসায়। ব্রহ্মণে। চরক্যৈ। বিদার্য্যৈ। পূতনায়ৈ। পাপরাক্ষস্যৈ।

তৎপরে, ব্রহ্মকলস স্থানে বাসুদেবাদি দেবতার প্রত্যেকের আবাহন পূর্ব্বক বিশেষ পূজা (৪৪ পৃষ্ঠা) করিবে। হোমে—এই শিখি প্রভৃতি দেবতারই হোম করিবে এবং হোমান্তে এই শিখি প্রভৃতি দেবতাকে পায়স বলি দিবে। (মণ্ডল ও দেবতার প্রভেদ ব্যতীত প্রায় সমস্তই চতুঃষষ্টিপদ বাস্তুযাগ ক্রমে কার্য্য হইবে)।

চতুঃষষ্টিপদ বাস্তুমণ্ডল।

পূর্ব্বাস্ত পুরোহিত বেদীর পূর্ব্বাংশে মধ্যস্থলে মণ্ডল অঙ্কিত করিবে। (স্থূল সূতায় ফুল খড়ি ঘসিয়া লইয়া দাগ দিবে) প্রথমতঃ হস্ত প্রমাণ স্থানের চতুঃপার্শ্বে হস্তপ্রমাণ সূত্র দ্বারা চারিটি দাগ দিয়া চতুষ্কোণ মণ্ডল করিবে, ঐ সূত্রকে দুই ভাঁজ করিয়া মধ্যস্থল নির্ণয় পূর্ব্বক পূর্ব্ব পশ্চিমে এবং উত্তর দক্ষিণে দুইটি সরল-রেখা টানিলে চারিটি ঘর হইবে, পরে মধ্যরেখার উভয় পার্শ্বে তিনটি তিনটি (ছয়টি) রেখা পূর্ব্ব পশ্চিমে টানিয়া, ঠিক ঐ ভাবে উত্তর দক্ষিণে আর ছয়টি সরল রেখা টানিবে, তাহা হইলে পার্শ্ব রেখা সহিত পূর্ব্ব পশ্চিমে নয়টী এবং উত্তর দক্ষিণে নয়টি সরল রেখা অঙ্কিত করায় (সমভাগে) চৌষট্টি ঘর নির্ম্মিত হইবে।

তৎপরে, মণ্ডলের ঈশান ও নৈঋত কোণস্থিত ঘর দুইটির ঈশান ও নৈঋত কোণাভিমুখে বক্ররেখা এবং বায়ু ও অগ্নিকোণস্থিত ঘরে বায়ু ও অগ্নিকোণাভিমুখে বক্র রেখা টানিবে, ইহাতে ঘর চারিটি অর্দ্ধেক অর্দ্ধেক হিসাবে আটটি হইবে।

অর্দ্ধপদ বলিতে ঐ অর্দ্ধেক ঘর, একপদ বলিতে একটি গৃহ এবং দ্বিপদ বলিতে উপর নিচু দুইটি ঘর এবং চতুষ্পদ বলিতে উপর নিম্ন দুইটি ও তৎপার্শ্ববর্ত্তী দুইটি (মণ্ডলাকার) চারিটি গৃহ বুঝায়।

পূর্ব্বাস্ত কর্ত্তা, শুক্ল, কৃষ্ণ, পীত, রক্ত, ধূম্র এই পঞ্চবর্ণের গুঁড়ি লইয়া, ঈশান কোণ (বাস্তুশিরঃস্থান)

হইতে আরম্ভ করিয়া, দক্ষিণাবর্ত্তক্রমে পূর্ব্ব দক্ষিণ পশ্চিম উত্তর এই চতুর্দ্দিক হইয়া পুনশ্চ ঈশান কোণস্থিত গৃহের উত্তর পশ্চিমাবশিষ্ট অর্দ্ধপদ পর্য্যন্ত যথাক্রমে গুণ্ডিকা পরিচালন করিবে, মধ্যে কেবল অষ্টাবিংশতিটি ঘর তৎকালে ফাঁক থাকিবে।

যে দেবতার যে গৃহ তাঁহার নাম, পরে ঐ গৃহে যে বর্ণের (গুণ্ডিকা) বিক্ষেপ এবং উহাতে যে পদ তাহার ক্রমশঃ উল্লেখ করিব, দৃষ্টান্ত যথা,—

(ঈশান কোণস্থিত ঘরের উপর অর্দ্ধাংশে) ঈশ, শুক্ল, অর্দ্ধপদ অর্থাৎ ঈশানস্থান, শ্বেতবর্ণ, অর্দ্ধগৃহ। ॥০॥ (উহার দক্ষিণ পার্শ্বে) পর্জ্জন্য, পীত, একপদ। ২। (তদ্দক্ষিণে) জয়; ধূম্র দ্বিপদ। ৪। শক্র পীত, একপদ। ৫। ভাস্কর, রক্তবর্ণ, একপদ। ৬। সত্য, শুক্ল, দ্বিপদ। ৮। ভৃশ, শুক্ল, একপদ। ৯। (অগ্নিকোণে) ব্যোম, কৃষ্ণ, অর্দ্ধপদ। ॥০। অগ্নি, রক্ত, অর্দ্ধপদ। ॥০। পূষণ, রক্ত, একপদ। ১১। বিতথ, কৃষ্ণ, দ্বিপদ। ১৩। গৃহক্ষত, শ্বেত, একপদ। ১৪। যম, কৃষ্ণ, একপদ। ১৫। গন্ধর্ব্ব, পীত, দ্বিপদ। ১৭। ভৃঙ্গ, শ্যাম, একপদ। ১৮। (নৈর্ঋত কোণে) মৃগ, পীত, অর্দ্ধপদ। ॥০। পিতৃ, শ্বেত, অর্দ্ধপদ। ॥০। দৌবারিক, শুক্ল, একপদ। ২০। সুগ্রীব, কৃষ্ণ, দ্বিপদ। ২২। পুষ্পদন্ত, পীত, একপদ। ২৩। বরুণ, শুক্ল, একপদ। ২৪। অসুর, কৃষ্ণ, দ্বিপদ। ২৬। শোষ, নানাবর্ণ, (কর্ব্বুর) একপদ। ২৭। (বায়ুকোণে) পাপ, শ্যাম,

অর্দ্ধপদ।॥০। রোগ, শ্যাম, অর্দ্ধপদ।॥০। নাগ, রক্ত, একপদ।২৯। বিশ্বকর্ম্ম, পীত, দ্বিপদ। ৩১। ভল্লাট, পীত, একপদ। ৩২। যজ্ঞেশ্বর, শুক্ল, একপদ। ৩৩। নাগরাজ, শ্বেত, দ্বিপদ। ৩৫। শ্রী, পীত, একপদ। ৩৬। (পুনশ্চ ঈশান কোণে) দিতি, কৃষ্ণ, অর্দ্ধপদ। ॥০—১।

(এই প্রকারে চতুর্দ্দিকের ঘরে গুণ্ডিকা বিক্ষেপ হইলে পরে) (পূর্ব্বদিকে পর্জ্জন্যের ২ সংখ্যক পীত, গৃহের নিম্নগৃহে) আপ, শুক্ল, একপদ। ৩৭। (৪ সংখ্যক জয়, ধূম্র দ্বিপদের নিম্নে তৃতীয় পদে) আপবৎস, পীত, একপদ। ৩৮। (তদ্দক্ষিণে ৫ এবং ৬ সংখ্যক গৃহেব নিম্নেব চারিঘরে) অর্য্যমা, রক্তবর্ণ চতুষ্পদ।৪২। (৮ম, সখ্যক সত্য দ্বিপদ গৃহের নীচে) সাবিত্রী, শুক্ল, একপদ। ৪৩। (৯ম,সংখ্যক ভৃশপদের নিম্নে) সাবিত্রী, রক্ত, একপদ। ৪৪। (গৃহক্ষত, যম, ১৪।১৫ সংখ্যক পদের নিম্নে) বিবস্বৎ কৃষ্ণ, চতুষ্পদ। ৪৮। (দৌবারিক ২০ এক পদের নিম্নে) ইন্দ্র, পীত, একপদ। ৪৯। (সুগ্রীব ২২ দ্বিপদের নিম্নে) ইন্দ্রাত্মজ, পীত, একপদ। ৫০। পুষ্পদন্ত, বরুণ ২৩।২৪ পদের নিম্নে মিত্র, রক্তবর্ণ চতুষ্পদ। ৫৪। (অসুর ২৬ দ্বিপদের নিচে) রাজযক্ষ্মা পীত, একপদ। ৫৫। (শোষ ২৭ একপদের নিচে) রুদ্র, শুক্ল, একপদ। ৫৬। (ভল্লাট, যজ্ঞেশ্বর ৩২।৩৩ পদেব নিচে, ধরাধর, পীত চতুষ্পদ।৬০। মধ্যস্থলে ব্রহ্মা, রক্ত, চতুষ্পদ। ৬৪। মণ্ডলের বাহিরে অষ্টদিকে পুত্তলিকা করিবে।

ঈশানকোণে, চরকী কৃষ্ণা, পুত্তলিকাকার। ১। পূর্ব্বে স্কন্দ, পীত। ২। অগ্নিকোণে। বিদারী, কৃষ্ণা। ৩। দক্ষিণে, অর্য্যমা, রক্ত। ৪। নৈর্ঋতে, পূতনা কৃষ্ণা। ৫। পশ্চিমে জম্ভক, কৃষ্ণ। ৬। বায়ুকোণে, পাপরাক্ষসী, কৃষ্ণা। ৭। উত্তরে পিলিপিঞ্জ কৃষ্ণা। ৮।

একাশীতি পদবাস্তুমণ্ডল।

চতুঃ ষষ্টিপদ বাস্তুমণ্ডল হইতে ইহার বিশেষ যাহা তাহাই লিখিলাম, সুতরাং চতুঃষষ্টিপদ মণ্ডলটি পড়িয়া এটি দেখিতে হইবে। এই লিখনানুসারে কাগজে অঙ্কিত মণ্ডল দেখিয়া মণ্ডল করিতে হয়।

ইহাতে পূর্ব্ব পশ্চিমে ও উত্তর দক্ষিণে দশটি দশটি সরল রেখা টানিবে তাহা হইলে প্রতি পংক্তিতে নয়টির হিসাবে নয়পংক্তিতে একাশীতিটি ঘর হইবে।

তৎপরে, পূর্ব্বাস্য কর্ত্তা পঞ্চবর্ণ গুড়ি দ্বারা ঈশান কোণ হইতে দক্ষিণাবর্ত্তক্রমে ঘর পূরণ করিবে, (ইহাতে অর্দ্ধপদ নাই)।

ঈশানকোণ গৃহে, শিখি, রক্ত, একপদ। ১। (তদ্দক্ষিণে) পর্জ্জন্য, পীত, একপদ। ২। জয়ন্ত, শুক্ল, দ্বিপদ। ৪। কুলিশায়ুধ, পীত, দ্বিপদ। ৬। সূর্য্য, রক্ত, দ্বিপদ। ৮। সত্য, শ্বেত, দ্বিপদ। ১০। ভৃশ, পীত, দ্বিপদ। ১২। আকাশ, শুক্ল, একপদ। ১৪। (অগ্নিকোণে) বায়ু, ধূম্র, একপদ। ১৩। পূষণ, রক্ত, একপদ

। ১৫। বিতথ, শ্যাম, দ্বিপদ। ১৭। গৃহক্ষত, শ্বেত, দ্বিপদ। ১৯। যম, কৃষ্ণ, দ্বিপদ। ২১। গন্ধর্ব্ব, পীত, দ্বিপদ। ২৩। ভৃঙ্গরাজ, শ্বেত, দ্বিপদ। ২৫। মৃগ, পীত একপদ। ২৬। (নৈঋ্ঁত কোণে) সুগ্রীব, শ্বেত, একপদ। ২৭। দৌবারিক, কৃষ্ণ, একপদ। ২৮। পিতৃ, শ্বেত, দ্বিপদ। ৩০। পুষ্পদন্ত, রক্ত, দ্বিপদ। ৩২। বরুণ, শ্বেত, দ্বিপদ। ৩৪। অসুর, রক্ত, দ্বিপদ। ৩৬। শোষ, কৃষ্ণ, দ্বিপদ। ৩৮। রোগ, ধূম্র, একপদ। ৩৯। (বায়ুকোণে) পাপ, রক্ত, একপদ। ৪০। অহি, কৃষ্ণ, একপদ। ৪১। মখ্য, শ্বেত, দ্বিপদ। ৪৩। ভল্লাট, পীত, দ্বিপদ। ৪৫। সোম, শুক্ল, দ্বিপদ। ৪৭। সর্প, কৃষ্ণ, দ্বিপদ। ৪৯। অদিতি, রক্ত, দ্বিপদ। ৫১। দিতি, শ্যাম, একপদ। ৫২।

(এইরূপে গুণ্ডিকা দ্বারা চতুর্দ্দিক বেষ্টন হইলে পর অবশিষ্ট ঊনত্রিশটি ঘরে পূর্ব্বাদিক্রমে দক্ষিণাবর্ত্তে পুনশ্চ গুণ্ডিকা সঞ্চালন করিবে।

(পর্জ্জন্য একপদের নিম্নে) আপ, শ্বেত, একপদ। ৫৩। (তৎপার্শ্বে, জয়ন্ত দ্বিপদের নিম্নে) আপবৎস গৌর, একপদ। ৫৪। (তদ্দক্ষিণে, কুলিশায়ুধ, সূর্য্য, সত্য পদ ত্রয়ের নিম্নে, পাশাপাশি) অর্য্যমন্, পাণ্ডুর ত্রিপদ। ৫৭। (ভৃশ, দ্বিপদের নিম্নে) ইন্দ্রাত্মজ, পীত, একপদ। ৫৮। (আকাশ একপদের নিম্নে) সাবিত্র রক্ত একপদ। ৫৯। (গৃহাক্ষত, যম, গন্ধর্ব্ব তিনটি গৃহের নিম্নে পাশাপাশি রূপে) বিবস্বৎ, রক্ত, ত্রিপদ। ৬২।

(ভৃঙ্গরাজ, দ্বিপদের নিম্নে) বিবুধাধিপ, একপদ। ৬৩। (মৃগ একপদের নিম্নে) জয়, শ্বেত একপদ। ৬৪। (পুষ্পদন্ত, বরুণ, অসুর, পাশাপাশি ত্রিপদের নিম্নে) মিত্র, শুক্ল, ত্রিপদ। ৬৭। (শোষ, দ্বিপদের নিম্নে) রাজযক্ষ্মা, পীত, একপদ। ৬৮। (রোগ, একপদের নিম্নে) রুদ্র, শুক্ল, একপদ। ৬৯। (ভল্লাট্ সোম, সর্প, ত্রিপদের নিম্নে পাশাপাশি) পৃথ্বীধর, শ্বেত, ত্রিপদ। ৭২। (মধ্যস্থলে নয়টি গৃহে) ব্রহ্মা, রক্ত নবপদ। ৮১।

মণ্ডলের বাহিরে চারিকোণে চারিটি, পুত্তলিকার ন্যায় অঙ্কিত করিবে। (ঈশান কোণে) চরকী, রক্তবর্ণ। ১। (অগ্নিকোণে) বিদারী কৃষ্ণবর্ণ। ২। (নৈঋতকোণে) পুতনা শ্যামবর্ণ। ৩। (বায়ুকোণে) পাপরাক্ষসী গৌরবর্ণ। ৪।

নবগ্রহমণ্ডল।

বরুণ মণ্ডলের উত্তরদিকে ঈশানকোণসমীপে হস্তপ্রমাণ দীর্ঘবিস্তৃত ও উচ্চ করিয়া গ্রহবেদী নির্ম্মাণ করিবে, ঐ বেদীর উপর প্রশস্তরূপ শ্বেত অষ্টদল পদ্ম অঙ্কিত করিবে।

পরে, অষ্টদল পদ্মের মধ্যে, রক্তবর্ণ বর্ত্তুলাকার সূর্য্য ১ অগ্নিকোণস্থিত অষ্টদল পদ্ম পত্রে অর্দ্ধচন্দ্রাকৃতি শুক্লবর্ণ চন্দ্র ২ দক্ষিণে, ত্রিকোণ রক্তবর্ণ মঙ্গল ৩ ঈশানকোণে, পীতবর্ণ ধনুর আকৃতি বুধ ৪ উত্তরে পীত

পদ্মাকার বৃহস্পতি ৫ পূর্ব্বদিকে, শ্বেত চতুষ্কোণ শুক্র ৬ পশ্চিমে শ্যামবর্ণ দণ্ডাকার (সর্পাকার) শনি ৭ নৈর্ঋতকোণে, কৃষ্ণবর্ণ মকরাকার রাহু ৮ বায়ুকোণে, ধূম্রবর্ণ খড়্গাকার কেতু গ্রহকে ক্রমে অঙ্কিত করিবে। ৯

(পুষ্করিণীপ্রতিষ্ঠার্থ) ষোড়শার চক্রাব্জমণ্ডল বা বরুণ মণ্ডল।

বরুণ মণ্ডল।

বাস্তুমণ্ডলের ন্যায় নয়টি নয়টি দাগ দিয়া, চৌষট্টিটী ঘর প্রস্তুত করিবে। পঞ্চবর্ণ গুঁড়ি লইয়া পূর্ব্বাস্য কর্ত্তা মণ্ডলের পূর্ব্বদিকে ঈশান ও অগ্নিকোণের দুইটি ঘরে কৃষ্ণবর্ণ গুণ্ডিকা দিবে এবং ঐ দুই কোণের ঘরের নিম্নের ঘরের পার্শ্ববর্ত্তী ঘরে অর্থাৎ দ্বিতীয় পংক্তির (উভয় পার্শ্বস্থ) দ্বিতীয় ঘর দুইটীতেও কৃষ্ণবর্ণ গুণ্ডিকা দিবে তাহা হইলে পাশাপাশি ছয়টী ঘর উপর পংক্তিতে এবং তন্নিম্ন পংক্তিতে চারিটি ঘর ফাঁক থাকিবে, এইরূপ পশ্চিম পার্শ্বের পংক্তির নৈর্ঋত ও বায়ু এই দুই কোণের দুইটি ঘর কৃষ্ণবর্ণ দ্বারা পূর্ব্ববৎ রঞ্জিত করিয়া, তাহার নিম্নপংক্তির উভয়পার্শ্বস্থ দ্বিতীয় ঘর দুইটীও পূর্ব্বপার্শ্বের ন্যায় রঞ্জিত করিবে, তাহা হইলে চতুর্দ্দিকেই প্রথম পংক্তির ছয়টী ছয়টী ঘর এবং দ্বিতীয় পংক্তির চারি চারিটী ঘর ফাঁক থাকায় চতুর্দ্দারের ন্যায় হইবে।

তৎপরে, চতুর্দ্দাব পার্শ্বস্থ আটটি কৃষ্ণবর্ণ ঘর এবং চতুর্দ্দিকের দ্বিতীয় পংক্তির নিম্নের মধ্যতলস্থিত ষোলটি ঘর ব্যতীত অবশিষ্ট চতুষ্পার্শ্বের (দশটিন হিসাবে) চল্লিশটি ঘর শুক্লবর্ণেব গুণ্ডিকা বিক্ষেপ দ্বারা রঞ্জিত করিবে।

পরে, মধ্যস্থলস্থিত চারিটি ঘরের মধ্যে অষ্টদলপদ্ম * নির্ম্মাণ করিয়া, ঐ পদ্মটি চক্রের ন্যায় গোলাকার তিনটি শুক্লবর্ণ রেখাদ্বারা বেষ্টন করিবে, তাহা হইলে তৃতীয় রেখাটি মণ্ডলের (উপর পংক্তি হইতে) তৃতীয় পংক্তির ঘরগুলির অর্দ্ধাংশ পর্য্যন্ত অধিকার করিবে। তৎপরে, পূর্ব্বাদি অষ্টদিকে ঐ তৃতীয় চক্রের গাত্রে শুক্লবর্ণ আটটি অর্দ্ধচন্দ্রাকৃতি অঙ্কিত করিবে। পরে, ফাঁকগুলি যৎসামান্য গুণ্ডিকাদ্বারা আচ্ছাদন করিতে হইবে।

জলাশয় প্রতিষ্ঠা।

যজমান নিত্যক্রিয়া সমাধা পূর্ব্বক জলাশয়ের পশ্চিম পার্শ্বে বাস্তুযাগের বেদীর দক্ষিণাংশে নির্ম্মিত পুষ্করিণীবেদীতে প্রবেশ করিয়া, আচমন পূর্ব্বক কুশ তিল জলাদি লইয়া, পূর্ব্বাভিমুখে বীরাসনে বসিয়া সঙ্কল্প করিবেন,—

* অষ্টদল পদ্মপ্রমাণম্। কর্ণিকাং পীতবর্ণেন কেশবাণ্যরুণেন চ। শুক্লবর্ণেন (শক্তি বিষয়ে রক্তবর্ণেন) পত্রাণি-তৎসন্ধীন্ শ্যামলেন চ॥

বিষ্ণুরোম্ তৎসদোমত্ত অমুকে মাসি অমুকে পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা চতুরর্ণ-মহীদান-জন্য ফল সমফল প্রাপ্তিকামো (শ্রীবিষ্ণুপ্রীতিকামো বা) জলপূর্ণ-পুষ্করিণী জলাশয়োৎসর্গমহং করিষ্যে।

সংকল্প সূক্তাদি পড়িয়া, স্বস্তিবাচন করিবে,—কর্ত্তব্যেঽস্মিন্ জলপূর্ণ পুষ্করিণী জলাশয়োৎ-সর্গকর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু। ওঁ পুণ্যাহং ৩ ইত্যাদি। পরে, বাস্তুযাগের স্বস্তিবাচন পূর্ব্বক সংকল্প (পূর্ব্বলিখিত প্রকরণে দেখ) করিবে *।

শ্বেত সর্ষপ লইয়া, এইস্থলে ভূতাপসারণ করিবে, মন্ত্রযথা.—ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তু তে সর্ব্বে যে চান্যে বিঘ্নকারকাঃ। বিনায়কা বিঘ্নকরা মহোগ্রা যজ্ঞদ্বিষো যে পিশিতাশনাশ্চ। সিদ্ধার্থ কৈর্বজ্র সমানকল্পৈর্ম্ময়া নিরস্তা বিদিশঃ প্রযান্তু॥

† জলাশয় আরাম ও কূপ প্রতিষ্ঠার সংকল্পে পূর্ব্বাস্য এবং সাধারণ কার্য্যের সংকল্পে উত্তরাস্য হইবে।

* পুষ্করিণী প্রতিষ্ঠার এবং বৃষোৎসর্গের গৌণ যাগত্ব থাকায় সংকল্পের পর স্বস্তিবাচন কর্ত্তব্য। বাস্তুযাগ বাস্তুদোষশান্তি নিমিত্তক পূজা এবং উহাতে যুপ না থাকায় উহার গৌণ যাগত্ব নাই।

তৎপরে, অদ্যেত্যাদি—মৎ সঙ্কল্পিত জলপূর্ণ পুষ্করিণী জলাশয়োৎসর্গ কর্ম্মাভ্যুদয়ার্থং সগণাধিপ গৌর্য্যাদি ষোড়শ মাতৃকা পূজা বসোর্ধারাসম্পাতনায়ুষ্য সূক্ত জপাভ্যুদয়িক শ্রাদ্ধান্যহং করিষ্যে, ইত্যাদি ক্রমে বৃদ্ধি শ্রাদ্ধ সমাধা করিবে *। (ষষ্ঠী মার্কণ্ডেয় পূজা নাই)।

বরণ।—গুরু উদ্দেশে বা উপস্থিত থাকিলে বরণ যথাবিধানে করিবে। পরে ওঁ সাধু-ভবানাস্তাং ইত্যাদিক্রমে অর্চ্চনাদি করিয়া—অদ্যেত্যাদি—অস্মিন্ জলপূর্ণ পুষ্করিণী জলাশয়োৎ-সর্গকর্ম্মণি ব্রহ্মকর্ম্মকরণায় অমুকগোত্রং শ্রীঅমুক দেবশর্ম্মাণমভ্যর্চ্চ্য ভবন্তমহং বৃণে। ওঁ বৃতো-হস্মি। যথাবিহিতং বৃত কর্ম্ম কুরু যথাজ্ঞানং করবাণি। এই ক্রমে, হোতা, তন্ত্রধারক ও সদস্য বরণ করিবে। তৎপরে, বাস্তুযাগের বেদীতেও যথাক্রমে ব্রহ্মা হোত্রাদির বরণ করিয়া, উভয় বেদীতে কার্য্যারম্ভ করিবে।

---

* আভ্যুদয়িক আরম্ভ করিয়া, এই সময় বাস্তুমণ্ডল, পুষ্করিণী মণ্ডল ও গ্রহ মণ্ডল অঙ্কিত করিবে এবং বাস্তুবেদীতে ছয়টী কুম্ভ এবং পুষ্করিণী মণ্ডলের চতুষ্কোণে চারিটী ও বেদীর চতুষ্কোণের নিম্নে চারিটী ও ঈশানকোণে শান্তিকুম্ভ স্থাপন করা হইয়া থাকে।

পরে, হোতা পঞ্চগব্য শোধন পূর্ব্বক (প্র, ১১৩ পৃষ্ঠা) বেদীশোধন করিয়া, পূর্ব্বে অঙ্কিত ষোড়শার চক্রাব্জমণ্ডলের পশ্চিমে স্বগৃহোক্ত বিধান ক্রমে বহ্নিস্থাপন পূর্ব্বক ব্রহ্মস্থাপন (হিন্দু-সৎকর্ম্মমালা ৮ম ভাগে বা ব্রতমালা প্রথমভাগে দেখ) পর্য্যন্ত কার্য্য করিবে।

তৎপরে, বরুণ মণ্ডলের উত্তরাংশে অঙ্কিত গ্রহবেদীতে যথাক্রমে সূর্য্যাদি নবগ্রহের ধ্যান পূর্ব্বক আবাহন করিয়া সংস্থাপন করিবে, যথা,—(মধ্যে) ক্ষত্রিয়ং কাশ্যপং রক্তং কালিঙ্গং দ্বাদশাঙ্গুলং। পদ্মহস্তদ্বয়ং পূর্ব্বাননং সপ্তাশ্ববাহনং। শিবাধিদৈবতং সূর্য্যং বহ্নি প্রত্যধিদৈবতং ।১। ওঁ ভূর্ভুবঃ স্বঃ সূর্য্য ইহাগচ্ছাগচ্ছ— ইত্যাদি ক্রমে (এইরূপে নবগ্রহ, অধিদেবতা, প্রত্যধিদেবতা ও অশ্বিনীকুমার পর্য্যন্ত দ্বাত্রিংশৎ পূজনীয় দেবতাদিগকে সব্যাহৃতিক) আবাহন করা আবশ্যক।

(আগ্নেয্যাং) সামুদ্রং বৈশ্যমাত্রেয়ং হস্তমাত্রং সিতাম্বরং। শ্বেতং দ্বিবাহুং বরদং দক্ষিণং সগদেতরং। দশাশ্বং শ্বেতপদ্মস্থং বিচিন্ত্যোমাধিদৈবতং। জলপ্রত্যধিদৈবঞ্চ সূর্য্যাস্তমাহ্বয়েত্তথা। ওঁ ভূর্ভুবঃস্বঃ সোম ইহাগচ্ছাগচ্ছ—ইত্যাদি। ২। (দক্ষিণস্যাং) আবন্ত্যং ক্ষত্রিয়ং রক্তং মেষস্থং চতুরঙ্গুলং। আরক্ত মাল্যবসনং ভরদ্বাজং চতুর্ভুজং। দক্ষিণোর্দ্ধ ক্রমাচ্ছক্তি-

বরাভয়ং গদাকরং। আদিত্যাদি (ভি) মুখং দেবং তদ্বদেব সমাহ্বয়েৎ। স্কন্দাধিদৈবতং ভৌমং ক্ষিতিপ্রত্যধিদৈবতং। ৩। (ঐশান্যাং) মাগধং দ্ব্যঙ্গুলাত্রেয়ং বৈশ্যং পীতং চতুর্ভুজং। বামোর্দ্ধ ক্রমতশ্চর্ম্ম গদা বরদ খড়্গিনং। সূর্য্যাস্যং সিংহগং সৌম্যং পতীবস্ত্রস্তথাহ্বযেৎ। নারায়ণাধিদেবঞ্চ বিষ্ণুপ্রত্যধিদৈবতং। ৪। (উত্তরস্যাং) দ্বিজমাঙ্গিবসং পীতং সৈন্ধবঞ্চ ষড়ঙ্গুলং। ধ্যাত্বা পীতাম্বরং জীবং সরোজস্থং চতুর্ভুজং। দক্ষোর্দ্ধ দক্ষবরদ কবকাদণ্ডমাহ্বযেৎ। ব্রহ্মাধিদৈবং সূর্য্যাস্য-মিন্দ্রপ্রত্যধিদৈবতং। ৫। (পূর্ব্বস্যাং) শুক্রং ভোজকটং বিপ্রং ভার্গবঞ্চ নবাঙ্গুলং। পদ্মস্থমাহ্বয়েৎ সূর্য্য-মুখং শ্বেতং চতুর্ভুজং। সদাক্ষ বর কবকা দণ্ডহস্তং সিতাম্বরং। শুক্রাধিদৈবতং ধ্যাত্বা শচী প্রত্যধিদৈবতং। ৬। (পশ্চিমস্যাং) সৌরাষ্ট্রং কাশ্যপং শূদ্রং সূর্য্যাস্যং চতুরঙ্গুলং। কৃষ্ণং কৃষ্ণাম্বরং গৃধ্র-গতং সৌবিঞ্চতুর্ভুজং। তদ্বদ্বাণবরং শূল ধনুর্হস্তং সমাহ্বযেৎ। যমাধিদৈবতং প্রজা-পতি প্রত্যধিদৈবতং। ৭। (নৈঋত্যাং) বাহুং মলযজং শূদ্রং পৈঠিনং দ্বাদশাঙ্গুলং। কৃষ্ণং কৃষ্ণাম্বরং সিংহা সনং ধ্যাত্বা তথাহ্বয়েৎ। চতুর্ব্বাহুং খড়্গ, বর শূল চর্ম্মধরং তথা। কালাধিদৈবং সূর্য্যাস্যং ক্ষিতিপ্রত্যধিদৈবতং। ৮। (বাযব্যাং) বৌশদ্বীপং কেতুগণং জৈমি-

নীয়ং ষড়ঙ্গুলং। ধূম্রং গৃহগতং শূদ্র-মাহ্বয়েদ্বিকৃতাননং। সূর্য্যাস্যং ধূম্রবসনং ববদং গদিনং তথা। চিত্রগুপ্তাধিদৈবঞ্চ ব্রহ্মপ্রত্যধিদৈবতং। ৯।

অধিদেবতা। সূর্য্যদক্ষিণে, ত্র্যম্বক। সোম দক্ষিণে, উমা। কুজদক্ষিণে, স্কন্দ। বুধ দক্ষিণে, নারায়ণ। বৃহস্পতি দক্ষিণে, ব্রহ্মা। শুক্র দক্ষিণে, ইন্দ্র। শনি দক্ষিণে, যম। রাহু দক্ষিণে, কাল। কেতু দক্ষিণে, চিত্রগুপ্ত। ৯।

প্রত্যধিদেবতা। সূর্য্যবামে, অগ্নি। সোমবামে, জল। কুজবামে পৃথিবী। বুধবামে বিষ্ণু। বৃহস্পতিবামে, ইন্দ্র। শুক্রবামে শচী। শনিবামে, প্রজাপতি। রাহুবামে, সর্প। কেতু-বামে, ব্রহ্মা। ৯। মণ্ডল দক্ষিণে, বিনায়ক। পশ্চিমে, দুর্গা। বায়ুকোণে, বায়ু। উত্তরে আকাশ। পূর্ব্বে, অশ্বিনী কুমার। ৫।

পূজাবস্তু।

পূর্ব্বোক্ত দেবতাদিগের ধ্যান আবাহন এবং মণ্ডলে যথাস্থানে সংস্থাপন হইলে পর সেই সকল দেবতার যথাক্রমে ষোড়শোপচারে বা দশোপচারে যথাশক্তি পূজা করিবে,

যথা,—এতৎপাদ্যং ওঁ সূর্য্যায় নমঃ (এইক্রমে) সোমায়। মঙ্গলায়। বুধায়। বৃহস্পতয়ে। শুক্রায়। শনৈশ্চরায়। রাহবে। কেতুভ্যঃ। ৯।

(ইঁহাদিগের দক্ষিণে) ত্র্যম্বকায়। উমায়ৈ। স্কন্দায়। বিষ্ণবে। ব্রহ্মণে। ইন্দ্রায়। যমায়। কালায় চিত্রগুপ্তায়। ৯। (বামপার্শ্বে) অগ্নয়ে। জলায়। পৃথিব্যৈ। বিষ্ণবে। ইন্দ্রায়। শচ্যৈ। প্রজাপতয়ে। সর্পায। ব্রহ্মণে। ৯। (মণ্ডল পার্শ্বে) বিনায়কায়। দুর্গায়ৈ। বায়বে। আকাশায়। অশ্বিনীকুমারাভ্যাং নমঃ॥ ৫ ॥

বলিপ্রদান। পূজা সমাধা হইলে বিশেষ বিশেষ দ্রব্যদ্বাবা পূজিত দেবতাদিগকে বলিপ্রদান করিবে, যথা,—এষ গুড়ৌদন বলিঃ ওঁ শ্রীসূর্য্যায় নমঃ (এইক্রমে) সোমের ঘৃতপায়স। কুজের যাবকান্ন। বুধের ক্ষীরোদন। বৃহস্পতিব দধ্যোদন। শুক্রের ঘৃতৌদন। শনির কৃষর (তিল ও তণ্ডুল মিশ্রিত মাষকলাই) রাহুর (আম) ছাগ মাংস। কেতুর চিত্রৌদন (হরিদ্রা রঞ্জিত তণ্ডুল)। ৯। (বিশেষ দ্রব্যের অভাবে ঘৃতপায়সই সর্ব্বত্র প্রদান করিবে)॥

অবশিষ্ট ত্র্যম্বকাদি ত্রয়োবিংশতি দেবতাদিগকে ঘৃত পায়স দিবে। পরে, এতানি ভূরি ভক্ষ্যাণি অধিদৈবত প্রত্যধিদৈবত বিনায়কাদি পঞ্চসহিতেভ্য-আদিত্যাদি নবগ্রহেভ্যো নমঃ। নারিকেল লড্ডুকাদি উপচার দ্রব্য দিবে।

লোকপালাদি পূজা।

চক্রাব্জমণ্ডলে পূর্ব্বাদি দশদিকে ইন্দ্রাদি দশ দিক্‌পালের বিশেষ বিশেষ মন্ত্রে পূজা করিবে,—যথা, ওঁ ইন্দ্রস্তু মহসা দীপ্তঃ সর্ব্বদেবাধিপো মহান্ বজ্রহস্তো মহাসত্ত্বস্তস্মৈ নিত্যং নমো নমঃ *। ১। ওঁ ভূর্ভুবঃ স্ব ইন্দ্র ইহাগচ্ছাগচ্ছ ইহ তিষ্ঠ তিষ্ঠ অত্রাধিষ্ঠানং কুরু মম পূজাং গৃহাণ। এতৎ পাদ্যং ওঁ ইন্দ্রায় নমঃ। পূজান্তে ওঁ ইন্দ্রস্তু মহসা দীপ্তঃ— পূর্ব্বোক্ত বিশেষ মন্ত্রে পুষ্পাঞ্জলি প্রদান এবং মাষভক্তবলি প্রদান করিয়া, জপ ও প্রণাম করিবে।—সর্ব্বত্র পূর্ব্বক্রমে, অগ্নি, যম, নিঋ‌র্ত, বরুণ, বায়ু, সোম, ঈশান, ব্রহ্মা ও অনন্তের আবাহন ও পূজা এবং বলি প্রদানাদি করিবে।

---

* সমর্থ হইলে বিশেষ মন্ত্রেই আবাহন ও উপচার সমস্ত প্রদান করিবে।

আগ্নেয়ঃ পুরুষো রক্তঃ সর্ব্বদেবময়োঽব্যয়ঃ। ধূমকেতুরনাধৃষ্যস্তস্মৈ নিত্যং নমো নমঃ। ২। যমশ্চোৎপলবর্ণাভঃ কিরীটী দণ্ডধৃক্ সদা। ধর্ম্মসাক্ষী বিশুদ্ধাত্মা তস্মৈ নিত্যং নমো নমঃ। ৩। নির্ঋতিস্তু পুমান্ শুদ্ধঃ (কৃষ্ণঃ) সর্ব্বরক্ষোঽধিপো মহান্ খড়্গহস্তো মহাসত্ত্বস্তস্মৈ নিত্যং নমো নমঃ। ৪। বরুণো ধবলো জিষ্ণুঃ পুরুষো নিম্নগাধিপঃ। পাশহস্তো মহাবাহু -স্তস্মৈ নিত্যং নমো নমঃ। ৫। বায়ুশ্চ সর্ব্ববর্ণোঽয়ং সর্ব্বগন্ধবহঃ শুভঃ। পুরুষো ধ্বজহস্তশ্চ তস্মৈ নিত্যং নমো নমঃ। ৬। গৌরেয়স্তু পুমান সৌম্যঃ সর্ব্বৌষধিসমন্বিতঃ। নক্ষত্রাধিপতিঃ সোমস্তস্মৈ নিত্যং নমো নমঃ *। ৭। ঈশানঃ পুরুষঃ শুক্লঃ সর্ব্ববিদ্যাধিপো মহান্। শূলহস্তো বিরূপাক্ষস্তস্মৈ নিত্যং নমো নমঃ। পদ্মযোনিশ্চতুর্ম্মূর্ত্তি র্হেমবাসাঃ পিতামহঃ। যজ্ঞাধ্যক্ষ-শ্চতুর্বক্ত্র (হস্ত) স্তস্মৈ নিত্যং নমো নমঃ। ৯। যোঽসাবনন্তরূপেণ ব্রহ্মাণ্ডং সচরাচরং। পুষ্পবৎ ধারয়েন্মূর্দ্ধ্নি তস্মৈ নিত্যং নমো নমঃ। ১০।

---

* উত্তরদিকের অধিপতি কুবের হইলেও জলাশয় প্রতিষ্ঠার প্রয়োগে সোমের পূজা লিখিয়াছেন।

বরুণের বিশেষ পূজা।

• মণ্ডলমধ্যে রজত নির্ম্মিত চতুরঙ্গুল পরিমিত বরুণ প্রতিমা তাম্রপাত্রে সংস্থাপন পূর্ব্বক ভূতশুদ্ধি, মাতৃকান্যাস করিয়া, "বোঁ" বীজদ্বারা প্রাণায়াম, অঙ্গন্যাস ও করন্যাস করিবে।

ধ্যান।—ওঁ প্রসন্নবদনং সৌম্যং হিমকুন্দেন্দুসন্নিভং। সর্ব্বাভরণসংযুক্তং সর্ব্বলক্ষণলক্ষিতং। কিরণৈঃ শীতলৈঃ সৌম্যৈঃ প্রীণয়ন্তমিব স্থিতং। লাবণ্যামৃতধারাভিস্তর্পযন্তমিব প্রজাঃ। রাজহংস-সমারূঢ়ং পাশ ব্যগ্রকরং শুভং। পুষ্করাদ্যৈ র্ঘনৈঃ সর্ব্বৈঃ সমন্তাৎ পরিবারিতং। গৌর্য্যা কান্ত্যা চানুগতং নদীভিঃ পরিবারিতং। নাগৈর্যাদোগণৈর্যুক্তং ব্রহ্মাণমিব চাপরং। সৃষ্টি-সংহারকর্ত্তারং নারায়ণমিবাপরং।

ধ্যানানন্তর মানসোপচারে পূজা করিয়া, বিশেষার্ঘ্য স্থাপন এবং আধারশক্ত্যাদি পীঠদেবতার পূজানন্তর হস্তস্পর্শ দ্বারা বরুণ স্থাপন করিবে, মন্ত্র যথা—ওঁ বরুণস্যোত্তম্ভনমসি বরুণস্য স্কম্ভঃ সর্জ্জনীস্থঃ। বরুণস্য ঋত সদন্যমসি (বরুণস্য ঋত সদনমসি) বরুণস্য ঋত সদনীমাসীদঃ। (মন্ত্রার্থ বাস্তুযাগে দেখ) ওঁ আঁ। হ্রীঁ ক্রোঁ যং রং লং বং শং ষং সং হোঁ হং সঃ বরুণস্য প্রাণা

ইহ প্রাণাঃ (এইক্রমে) জীব ইহ স্থিতঃ। সর্ব্বেন্দ্রিয়ানি। বাঙ্‌মনশ্চক্ষুঃ শ্রোত্র ঘ্রাণ প্রাণা ইহাগত্য সুখং চিরং তিষ্ঠন্তু স্বাহা।

আবাহন। ওঁ ভূর্ভুবঃ স্ব র্ভগবন্ বরুণ! ইহাগচ্ছাগচ্ছ ইহ তিষ্ঠ তিষ্ঠ অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ। 'ওঁ বৌঁ বরুণায় নমঃ' মন্ত্র অষ্টবার জপ করিয়া, বাং হৃদয়ায় নমঃ, মন্ত্রে পঞ্চপুষ্পাঞ্জলি দিবে।

পূজা।—'ওঁ (বাং) বরুণায় নমঃ' এই মন্ত্রে ষোড়শপচারে পূজা করিবে, বাসযুগ্ম দানের পর যজ্ঞোপবীত দিবে। শেষে, তাম্বুল দানের পর শয্যা, আসন, ছত্র, পাদুকা, দর্পণ এবং ব্যজনাদি বরুণ সম্প্রদানক উৎসর্গ করিষা দিয়া, 'ওঁ বৌঁ বরুণায় নমঃ' মন্ত্রে জপ ও নমস্কার করিবে।

তৎপরে, মণ্ডলমধ্যে স্বর্ণ নির্ম্মিত কূর্ম্ম ও মকর, রৌপ্য মৎস্য ও ডুণ্ডুভ (জলচর ধোড়া সর্প) তাম্রময় কর্কট ও ভেক, লৌহময় শিশুমার (শুষক) ইহাঁদিগকে স্থাপন এবং স্বর্ণময় অনন্তাদি অষ্ট মহানাগ সংস্থাপন করিবে।' পরে, আবাহন পূর্ব্বক পঞ্চোপচারে নিম্নলিখিত

দেবতার পূজা করিবে, যথা,—ব্রহ্মা শিব; বিষ্ণু, বিনায়ক, কমলা, অম্বিকা। অস্টনাগ যথা—অনন্ত, বাসুকি, পদ্ম, মহাপদ্ম, তক্ষক, কুলীর, কর্কট, শঙ্খ। পরে, কূর্ম্ম, মকর, মৎস্য, ডুণ্ডুভ, কর্কট, ভেক, শিশুমার।

তৎপরে, মণ্ডলের চতুষ্কোণে রক্ষিত দধ্যক্ষত বস্ত্রাদি ভূষিত কলসচতুষ্টয়ে সমুদ্রের আবাহন করিবে, মন্ত্র যথা,—ওঁ সমুদ্রজ্যেষ্ঠাৎ সলিলস্য মধ্যাৎ পুমানায়স্ত্যনিমিষমাণাঃ। ইন্দ্রো যা বজ্রী বৃষভো ররাদ তা অপো দেবীরিহ মামবন্তু॥ 'ওঁ সমুদ্রেভ্যো নমঃ' এই মন্ত্রে প্রতিকুম্ভে পঞ্চোপচারে পূজা করিবে। তৎপরে, বেদীর ঈশান কোণে স্থাপিত আম্র অশ্বত্থ বট পাকুড় ও যজ্ঞডুম্বুর এই পঞ্চপল্লব দ্বারা সংচ্ছন্ন মুখ এবং দধ্যক্ষত বস্ত্রাদিভূষিত, মধ্যে পঞ্চরত্নাদি প্রক্ষিপ্ত সুদৃশ্য ঘট ধরিয়া পড়িবে, স্থাপন মন্ত্র যথা,—ওঁ আজিঘ্র কলসং মহ্যা ত্বাবিশন্ত্বিন্দবঃ পুনরূর্জ্জা নিবর্ত্তস্ব সানঃ সহস্রং ধুক্ষোরুধারা পয়স্বতী পুনর্ম্মাবিশতাদ্রয়ি॥ নদীজলদ্বারা ঘট পূরণ করিয়া আবাহন করিবে, মন্ত্র যথা,—ওঁ বরুণস্যোত্তম্ভনমসি বরুণস্য স্কম্ভঃ সর্জ্জনীস্থঃ বরুণস্য ঋত সদন্যসি (বরুণস্য ঋত সদনমসি) বরুণস্য ঋত-সদনীমাসীদঃ॥

পরে অশ্বস্থান গজস্থান বল্মীক নদীসঙ্গম হ্রদ গোকুল রথ্য (উঠান) এই সপ্ত স্থান হইতে আহৃত সপ্তমৃত্তিকা ও সর্ব্বৌষধি ঐ ঘটে প্রক্ষেপ করিবে এবং তীর্থ সকল আবাহন করিবে, মন্ত্র যথা,—ওঁ গঙ্গাদ্যাঃ সরিতঃ সর্ব্বাঃ সমুদ্রাশ্চ সরাংসি চ। সর্ব্বে সমুদ্রাঃ সরিতঃ সরাংসি চ নদা হ্রদাঃ। আয়ান্তু যজমানস্য দুরিত-ক্ষযকারকাঃ।

হোম।

হোতা, পূজার প্রারম্ভে (ব্রহ্মস্থাপন পর্য্যন্ত) সংস্থাপিত অগ্নিতে চরুপাক করিবে, যথা—চমসস্থ জলদ্বারা প্রোক্ষিত তণ্ডুল উদূখলে লইয়া,—"ওঁ বরুণায় ত্বা জুষ্টং নির্ব্বপামি" মূসল দ্বারা অবঘাত করিয়া, অমন্ত্রক আর দুইবার উদূখল মধ্যে তণ্ডুল স্থাপন ও অবঘাত করিবে, * পরে, সূর্পদ্বারা তিনবার প্রস্ফোটন পূর্ব্বক জলের দ্বারা পবিষ্কাররূপে তিনবার প্রক্ষালন করিবে, তৎপরে, যথানিয়মে স্থালিমধ্যে পবিত্র ও ঘৃত প্রক্ষেপাদি

---

* যজুর্ব্বেদীগণ ওঁ বরুণায় ত্বা জুষ্টং গৃহ্নামি। ওঁ বরুণায় ত্বা জুষ্টং নির্ব্বপামি। ওঁ বরুণায় ত্বা জুষ্টং প্রোক্ষযামি। এই তিনটি মন্ত্রে যথাক্রমে মুষ্টিগ্রহণ, উদূখলে স্থাপন এবং প্রক্ষালন করিবে। (হোমের বিশেষ বিবরণ হিন্দুসংকল্পমালা অষ্টম ভাগে দেখ।)

পূর্ব্বক দুগ্ধদ্বারা চরুপাক (ব্রহ্মমালা প্রথমভাগে দেখ) করিয়া, স্বগৃহ্যোক্ত বিধানে বিরূপাক্ষ জপান্ত কুশণ্ডিকা শেষ করিবে।

বরুণ হোম।

প্রকৃত কর্ম্মারম্ভে ঘৃতাক্ত সমিধ অগ্নিতে দিয়া, মহাব্যাহৃতি হোম করিয়া ঘৃতদ্বারা হোম করিবে, ঋগ্বেদোক্ত সাধারণ দ্বাদশ মন্ত্র যথা,—ওঁ সমুদ্র জ্যেষ্ঠাৎ সলিলস্য মধ্যাৎ পুমানাযন্ত্যনমিষমাণাঃ। ইন্দ্রো যা বজ্রী বৃষভো ররাদ তা আপো দেবীরিহ মামবন্তু। ১। ওঁ যা আপো দেব্যা উতবা অবন্তি খনিত্রিয়া উতবা যাঃ স্বয়ং যাঃ (সমুদ্রার্থা যাঃ) শুচয়ঃ পাবকা-স্তা আপো দেবীরিহ মামবন্তু স্বাহা। ২। ওঁ যাসাং রাজা বরুণো যাতি মধ্যে সত্যানৃতেঽবপশ্যন্ জনানাং। মধুশ্চুতঃ শুচযো যাঃ পাবকাস্তা আপো দেবীরিহ মামবন্তু স্বাহা। ৩। ওঁ যাসু রাজা বরুণো যাসু সোমো বিশ্বেদেবা যাসু সূর্য্যঃ মদন্তি। বৈশ্বানরো যাস্বগ্নি প্রবিষ্টস্তা আপো দেবীবিহ মামবন্তু স্বাহা। ৪।

(সামবেদী ভিন্ন ব্যক্তিরা সর্ব্বত্র ইদং 'বরুণায়' এইরূপে দেবতা নাম মন্ত্রান্তে বলিবে)।

চরুহোম।—চরুমধ্যে ও মেক্ষণে ঘৃত দিয়া, চরু লইয়া উহাতে ও স্থালীতে ঘৃত দিবে, এইরূপে প্রতিবার

